চালু হল
‘দুরন্ত বার্তা’
অ্যাপ
ডাউনলোড করুন
প্লে-স্টোর থেকে

# দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই
নিকটবর্তী এজেন্টের সাথে
যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 29, Issue No.: 62 Thursday, 1 February, 2024 ❋ ২৯ বর্ষ, ৬২ সংখ্যা ❋ ১৭ মাঘ, ১৪৩০, বৃহস্পতিবার, ১ ফেব্রুয়ারি, ২০২৪ ❋ আজ ৮ পাতা ❋ মূল্য– ৩ টাকা

মুখ্যমন্ত্রী জানিয়েছেন, বৃহস্পতিবারের মধ্যে বকেয়া না মিললে, শুক্রবার থেকে তিনি কলকাতার রেড রোডে অম্বেডকরের মূর্তির সামনে ধর্নায় বসবেন। ...বিস্তারিত পাতা ৩

পরীক্ষার্থীদের সুবিধার্থে নিউ বারাকপুরের বিভিন্ন অনুষ্ঠান ভবনগুলিতে উচ্চস্বরে মাইক বা শব্দযন্ত্র বাজানোয় নিষেধাজ্ঞা জারি করল নিউ বারাকপুর থানার পুলিশ। ...বিস্তারিত পাতা ৫

একশো দিনের কাজ নিয়ে তৃণমূল কংগ্রেস ও বিজেপি নোংরা রাজনীতি করছে। এর ফলে সাধারণ মেহনতী মানুষ বঞ্চনার শিকার হচ্ছেন। ...বিস্তারিত পাতা ৬

যুব বিশ্বকাপে হইচই ফেলে দিয়েছেন ১৮ বছরের মুম্বইয়ের ছেলে। সরফরাজ খানের ভাই মুশির অনূর্ধ্ব ১৯ বিশ্বকাপে একের পর এক সেঞ্চুরি করে চলেছেন। ...বিস্তারিত পাতা ৮

## রাজ্যের এডিজি আইনশৃঙ্খলার পদে এলেন মনোজ বর্মা, সরলেন শামিম

**দুরন্ত বার্তা, কলকাতা, ৩১ জানুয়ারিঃ** বুধবার সন্ধেয় রাজ্যে পুলিশে বড়সড় রদবদল করা হল। মুখ্যমন্ত্রীর নিরাপত্তার দায়িত্বে থাকা অ্যাডিশনাল ডিরেক্টর সিকিউরিটি পদেও বদল আনা হল। নতুন এডিজি আইনশৃঙ্খলা হলেন আইপিএস মনোজ বর্মা। মনোজ এতদিন রাজ্যের অ্যাডিশনাল সিকিউরিটি ডিরেক্টর ছিলেন। তাঁকে এডিজি আইনশৃঙ্খলা পদে নিয়ে যাওয়া হল। আর এতদিন এডিজি আইনশৃঙ্খলা পদে থাকা জাভেদ শামিমকে নিয়ে আসা হল রাজ্যের অ্যাডিশনাল সিকিউরিটি ডিরেক্টর পদে। অতিরিক্ত পদ হিসেবে এডিজি আইবি-র দায়িত্বও সামলাবেন তিনি। এছাড়াও রাজ্যে পুলিশের একাধিক শীর্ষ পদে বদল করা হয়েছে। সামনে লোকসভা ভোট। তাই নির্বাচন কমিশনের নিয়ম মেনে যে সমস্ত পুলিশ অফিসার একই পদে তিন বছর বা প্রায় তিন বছর রয়েছেন, তাঁদের পদের বদল ঘটানো হল বলে নবান্ন সূত্রের খবর। রাজ্যের একাধিক রেঞ্জের ডিআইজিকেও বদলি করা হয়েছে। এই তালিকা রয়েছে দার্জিলিং, বারাসত, বিধাননগর, ব্যারাকপুর, হাওড়া, বনগাঁ। রাজ্যে পুলিশের মোট ৪৬ জন পদস্থ কর্তাকে বদলি করা হল। শুধু পুলিশের শীর্ষ পদে নয়, একাধিক ডিপার্টমেন্টের সচিব পদেও রদবদল করা হয়েছে বলে জানা যাচ্ছে। একাধিক ডেপুটি কমিশনার পদেও রদবদল করা হয়েছে। বদলি করা হয়েছে কালিম্পং, ইসলামপুর, বসিরহাট পুলিশ জেলার এসপিকেও। বদলি করা হয়েছে পূর্ব বর্ধমান এবং বীরভূমের জেলাশাসককে। বীরভূমের জেলাশাসক বিধানচন্দ্র রায়কে পূর্ব বর্ধমানের জেলাশাসক পদে পাঠানো হল। অন্যদিকে পূর্ব বর্ধমানের বর্তমান জেলাশাসক পূর্ণেন্দু কুমার মাঝিকে বীরভূমের জেলাশাসকের দায়িত্ব দেওয়া হল।

## ২ লক্ষ কোটির কোনও হিসেবই দেয়নি মমতা সরকার

**নয়াদিল্লি, ৩১ জানুয়ারিঃ** মমতার আর্থিক বঞ্চনার জবাব দিতে আসরে নামল বিজেপি। বুধবার সকালে সংসদে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির কাছে বাংলার বকেয়া টাকার দাবি জানান তৃণমূল সাংসদ সুদীপ বন্দ্যোপাধ্যায়। উত্তরে সুদীপকে ক্যাগ রিপোর্ট পড়ে দেখতে বলেন প্রধানমন্ত্রী। কী আছে সেই ক্যাগ রিপোর্টে, যা দেখে কেন্দ্র টাকা বন্ধ করে দিচ্ছে? কয়েক ঘণ্টার মধ্যেই সেই ক্যাগ রিপোর্ট সামনে আনলেন বিজেপির রাজ্য সভাপতি। ২ ফেব্রুয়ারি থেকে বকেয়া টাকার দাবিতে ধরনায় বসতে চলেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তার আগে সুকান্ত মজুমদার যে তথ্য প্রকাশ্যে আনলেন, তাতে শাসক দলের অস্বস্তি বাড়বে বলেই মনে করছে রাজনৈতিক মহল। সুকান্ত মজুমদার উল্লেখ করেছেন, প্রায় ২ লক্ষ কোটি টাকার হিসেব দেয়নি রাজ্য। সেই টাকা কোথায় গেল, তা নিয়ে প্রশ্ন তুলতে শুরু করেছে বিজেপি নেতৃত্ব। সুকান্তর দাবি, ‘পার্সোনাল অ্যাকাউন্ট’-এ প্রকল্পের টাকা নেওয়া হয়েছে, এমন কথাই উল্লেখ করা হয়েছে ক্যাগ রিপোর্টে। সুকান্ত বলেন, ‘‘এটা দুর্নীতির নতুন পন্থা। সাধারণের টাকা কোথায় খরচ করা হয়েছে, তা কারও জানা নেই।’’ সুকান্ত আরও বলেন, ‘‘রাজ্য সরকারকে যে কোনও প্রকল্পের কাজ শেষ হলে ইউটিলাইজেশন সার্টিফিকেট দিতে হয়। তাতে বোঝা যায়, যে টাকা বরাদ্দ হয়েছিল, সেই টাকা সংশ্লিষ্ট প্রকল্পের কাজেই খরচ হয়েছে। কিন্তু ক্যাগ রিপোর্টে দেখা গিয়েছে, ১.৯৫ লক্ষ কোটি টাকার কোনও ইউটিলাইজেশন সার্টিফিকেট জমা দেওয়া হয়নি।’’ শিক্ষা থেকে গ্রামোন্নয়ন সব দফতরে দুর্নীতি হয়েছে বলে অভিযোগ জানিয়েছেন সুকান্ত। আরও বিস্ফোরক অভিযোগ তুলেছেন বিজেপি নেতা গৌরব ভাটিয়া।

## মালদহে রাহুল, সেখানে দাঁড়িয়েই মমতা বললেন
# ‘কংগ্রেসকে একটাও আসন দেব না’

**দুরন্ত বার্তা, মালদহ, ৩১ জানুয়ারিঃ** বাংলায় বসে যখন কংগ্রেস নেতা জয়রাম রমেশ বলছেন, তৃণমূল আর কংগ্রেসের পথ আলাদা হলেও লক্ষ্য এক। অদূরেই তখন কংগ্রেসের বিরুদ্ধে সরাসরি আক্রমণ শানাচ্ছেন তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়। কংগ্রেসের গড় হিসেবে যে জেলার দীর্ঘদিনের পরিচিতি, সেই জেলাতেই কংগ্রেসকে কার্যত তুলোধনা করলেন মমতা। সভামঞ্চে দাঁড়িয়ে মমতা বোঝালেন কংগ্রেস নয়, মালদহেও কাজ করেছে সেই তৃণমূলই। স্কুল থেকে মাদ্রাসা, বিমানবন্দর থেকে আইটিআই- সবটাই শাসক দলের হাত ধরে হয়েছে বলে মন্তব্য করেছেন তিনি। লোকসভা নির্বাচনকে সামনে রেখে প্রচারে নেমে পড়েছেন মমতা বন্দ্যোপাধ্যায়। আজ, বুধবার সকালেই তিনি পৌঁছে যান মালদহে। প্রথমে পদযাত্রার পর মালদা টাউনে সভায় যোগ দেন মমতা। বক্তব্য রাখার সময় শুরুতেই তিনি বলেন, ‘‘আমরা একাই লড়ব। আমরা জানি বিজেপিকে কীভাবে হারাতে হয়। বাংলাই পারে গোটা দেশকে পথ দেখাতে।’’ এরপর মালদহের উন্নয়নের হিসেব তুলে ধরে মমতা বলেন, ‘‘এখান থেকে বারবার কংগ্রেস নেতারা সাংসদ হয়েছেন। আপনারা বলুন তো কংগ্রেস কী করেছে?’’ এদিন বিশিষ্ট কংগ্রেস নেতা গনিখান চৌধুরীর নামও শোনা যায় মমতার মুখে। তিনি বলেন, ‘‘বরকত দা থাকতে একটা গৌর ভবন তৈরি করেছিল। সেটারও আজ খারাপ অবস্থা।’’ মমতা আরও বলেন, ‘‘বরকত দার পরিবার থেকে কেউ ভোটে লড়ুক আমার কোনও আপত্তি নেই। আমরাও লড়ব।’’ অর্থাৎ বাংলায় যে কোনওভাবেই কংগ্রেসের সঙ্গে জোট হচ্ছে না, তা বুঝিয়ে দিয়েছেন তৃণমূল সুপ্রিমো। মমতার সভামঞ্চ থেকে ৮০-৯০ কিলোমিটার দূরে বসে এদিনই কংগ্রেস নেতা জয়রাম রমেশ উল্লেখ করেছেন, কংগ্রেস আর

তৃণমূলের পথ আলাদা হলেও লক্ষ্য এক। দুই দলই বিজেপিকে হারাতে যায় বলে মন্তব্য করেছেন জয়রাম। অপরদিকে, মমতা এদিন বলেন, ‘‘ওরা সিপিএম-এর সঙ্গে লড়বে। বিজেপিকে সুবিধা করে দেবে। আমরা একা লড়ব। বিজেপিকে হারাতে পিছপা হব না।’’ এদিন মালদহের পর বহরমপুরের সরকারি পরিষেবা প্রদানকারী অনুষ্ঠানের মঞ্চ থেকে মমতা বলেন, ‘‘আমি কংগ্রেসকে বললাম, তোমাদের একটাও বিধায়ক নেই। মালদায় তোমাদের দুটো লোকসভা আসন দিচ্ছি। আমরা জিতিয়ে দেব। বলল, না, আমার অনেক চাই। আমি বললাম, না, আমি তোমায় একটাও দেব না। তুমি আগে সিপিআইএমের সঙ্গ ছাড়। সিপিআইএম তোমার নেতা।’’ অর্থাৎ প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরীর জেতা বহরমপুর আসনও ছাড়তে রাজি ছিলেন না বলে কার্যত বুঝিয়ে দিয়েছেন মমতা। প্রদেশ কংগ্রেস সভাপতির নাম অবশ্য মুখে আনেননি তৃণমূল সুপ্রিমো। যে অধীরের সঙ্গে তাঁর সম্পর্ক কোনওদিনই ভালো ছিল না। রাজনৈতিক মহলের মতে, পশ্চিমবঙ্গের ৪২টি আসনের মধ্যে কংগ্রেসের জয়ের সম্ভাবনা সবথেকে বেশি, সেটা হল বহরমপুর। তৃণমূলের শাসন এবং গেরুয়া ঝড়ের মধ্যেও ২০১৯ সালে বহরমপুর থেকে ৮০,০০০ ভোটে জিতেছিলেন অধীর। যিনি ১৯৯৯ সাল থেকে টানা সাংসদ হয়ে এসেছেন। সেই অধীরের আসনও যে ছাড়তে রাজি ছিলেন না মমতা, তা মুর্শিদাবাদের সভা থেকেও বুঝিয়ে দেন। মুর্শিদাবাদে সরকারি পরিষেবা প্রদানকারী অনুষ্ঠানে মমতা বলেন, ‘‘আমি একদিন কংগ্রেস করতাম। কংগ্রস থেকে আমায় তাড়িয়ে দেওয়া হয়েছিল। বাংলার মা-মাটি-মানুষের আশীর্বাদে তৃণমূল কংগ্রেস তৈরি করেছিলাম। আমি ভাবলাম, বৃহত্তর স্বার্থে সবাই কাজ করবে। আমি সবার প্রথমে প্রস্তাব দিলাম, তোমাদের একটাও বিধায়ক নেই, ঠিক আছে, তোমায় মালদার দুটো সিট দিচ্ছি আমি। তোমায় আমি জিতিয়ে দেব।’’ তারপর কংগ্রেসের কী প্রতিক্রিয়া ছিল, সেটাও জানিয়ে দেন মমতা। তিনি বলেন, ‘‘বলল, না হবে না। সঙ্গে-সঙ্গে প্রস্তাব প্রত্যাখ্যান (করে দিল)। আমি বললাম, ভাই নমস্কার। আমায় আমার মতো করতে দাও। আমি সিপিআইএমের সঙ্গে চলতে পারব না। ওরা আমার মাথায় মেরেছে। ওরা আমার পায়ে মেরেছে। ওরা আমার কোমরে মেরেছে। ওরা আমার চোখে মেরেছে। ওরা কত মানুষের জীবন কেড়েছে। ওরা কী করেনি। একটার পর একটা অত্যাচার করেছে।’’

## ‘আত্মবিশ্লেষণ করুন, আলোচনা করার সুযোগ কাজে লাগান’
### বিরোধীদের বার্তা মোদির

**নয়াদিল্লি, ৩১ জানুয়ারিঃ** বাজেট অধিবেশনের সূচনার আগে আজ সংসদভবনের সামনে সংক্ষিপ্ত বক্তৃতা পেশ করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সেই সময়ই সব সাংসদদের প্রতি মোদি আবেদন করেন, সংসদ অধিবেশনে যাতে সব সাংসদরা আত্মবিশ্লেষণ করেন এবং আসল সমস্যা নিয়ে আলোচনা করেন। বিরোধীদের খোঁচা দিয়ে মোদি বলেন, ‘‘সংসদ অধিবেশনকে পঙ্গু করার অভ্যাস গড়ে তুলেছেন অনেকে। তাঁদের আত্মবিশ্লেষণ করা উচিত।’’ এদিকে আজকে নারীশক্তির প্রসঙ্গ টেনে এনে মোদি বলেন, ‘রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু পথ দেখাবেন আর কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন বাজেট পেশ করবেন। এখানেই নারী শক্তির কতটা শক্তিশালী, তা দেখা গিয়েছে।’’ মোদি এরপর আরও বলেন, ‘‘লোকসভা নির্বাচনের সময় এগিয়ে আসছে। তাই অন্তর্বর্তী বাজেট পেশ করা হয়। আমরাও সেই রীতি অনুসরণ করছি। ভোটের

পর সরকার গঠন হলে আমরা পূর্ণাঙ্গ বাজেট নিয়ে আসব।’’ প্রধানমন্ত্রী আজ বলেন, ‘‘গত দশ বছরে কিছু মানুষ পার্লামেন্ট এমন ভাবে পরিচালনা করেছে যা তাদের উপযুক্ত মনে হয়েছে। কিছু সংসদ সদস্য সংসদের কার্যধারা ব্যাহত করা নিজেদের অভ্যাসে পরিণত করেছেন। তাদের আত্মবিশ্লেষণ করা উচিত। এই সংসদ সদস্যরা তাদের নির্বাচনী এলাকার লোকদের জিজ্ঞাসা করতে পারেন... কেউ কেউ এই এমপিদের নামও জানেন না এবং তারা কী করেছিলেন তা মনেও করতে পারেন না। যে সব সাংসদরা সংসদে ঝামেলা বাঁধিয়েছিলেন, তাঁদের কেউ মনে রাখবে না। তাঁরা অভ্যাসবশত গণতান্ত্রিক মূল্যবোধকে ছিন্নভিন্ন করে দিয়েছেন। তাঁরা এবার নিজেদের দিকে তাকান । ভাবুন, সাংসদ থাকাকালীন তাঁরা কী করেছেন। যাঁরা ভালো কাজ করেছেন, তাঁদের সবাই মনে রাখবে। কিন্তু যাঁরা কাজে ব্যাঘাত ঘটিয়েছেন, তাঁদের কেউ মনে রাখবে না। এই বাজেট অধিবেশন সেই সব সাংসদদের কাছে অনুশোচনার সুযোগ এনে দিয়েছে। এবার তাঁরা তাঁদের সবচেয়ে ভালোটা করে দেখাক।’’ এর আগে গত শীতকালীন অধিবেশনে প্রায় ১৫০ জন বিরোধী সাংসদকে সাসপেন্ড করা হয়েছিল উভয় কক্ষে। তবে বাজেট অধিবেশনের আগে তাঁদের সাসপেনশন প্রত্যাহার করা হয়েছে। প্রসঙ্গত, গত শীতকালীন অধিবেশন চলাকালীন লোকসভায় দর্শক গ্যালারি থেকে ঝাঁপ দিয়ে স্মোক বম্ব ফাটিয়েছিলেন একজন। লোকসভায় কীভাবে এই ধরনের নিরাপত্তা লঙ্ঘনের ঘটনা ঘটল, তা নিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর বিবৃতির দাবিতে সরব হয়েছিলেন বিরোধী সাংসদরা। তাতেই উত্তাল হয় সংসদের উভয় কক্ষ। পরপর বিরোধী সাংসদরা সাসপেন্ড হন এই ঘটনায়। সাসপেন্ড হওয়া সাংসদদের মধ্যে ছিলেন কংগ্রেসের শশী থারুর, কার্তি চিদাম্বরম, মণীশ তিওয়ারি, এনসিপির সুপ্রিয়া সুলে, সমাজবাদী পার্টির ডিম্পল যাদব, ন্যাশনাল কনফারেন্সের ফারুক আবদুল্লার মতো তাবড় নেতারা। এর আগেও চিনা আগ্রাসন, কৃষক আন্দোলন, পেগাসাসের মতো একাধিক ইস্যুতে সংসদভবন বারবার উত্তাল হয়েছে। বিরোধীরা ওয়েলে নেমে প্রতিবাদ জানিয়েছেন। এবং প্রায় প্রতি অধিবেশনের আগেই প্রধানমন্ত্রী মোদি বিরোধীদের সংসদে মসৃণ ভাবে কাজ করতে দেওয়ার আহ্বান জানান। তবে চলতি সংসদের এটাই শেষ অধিবেশন হতে চলেছে। এই আবহে বাজেট অধিবেশনে বিরোধীরা কোন ইস্যুতে কেন্দ্রের বিরুদ্ধে তোপ দাগবে, সেদিকে নজর রাজনৈতিক বিশ্লেষকদের।

## ‘দুর্ঘটনা বলে প্রতিপন্ন করতে চাইছে পুলিশ’, বিজেপি কর্মীর রহস্য-মৃত্যুতে দাবি শুভেন্দুর



**দুরন্ত বার্তা, পশ্চিম মেদিনীপুর, ৩১ জানুয়ারিঃ** বিজেপি কর্মীর অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় এবার সরব বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। রহস্যজনকভাবে যাঁর দেহ উদ্ধার হল, তাঁর মৃত্যু নিয়ে তদন্তই হচ্ছে না ঠিক মতো। এমনই দাবি করলেন তিনি। পশ্চিম মেদিনীপুরের শালবনী থানার ভাদুতলা এলাকায় এক বিজেপি কর্মী দেহ উদ্ধার হয় রহস্যজনকভাবে। আজ বুধবার সেই কর্মীর বাড়িতে গিয়েছিলেন শুভেন্দু অধিকারী। সেখানে গিয়ে তদন্ত নিয়ে পুলিশের বিরুদ্ধে অসন্তোষ প্রকাশ করেন তিনি। নন্দীগ্রামের বিজেপি বিধায়কের অভিযোগ, কোনও দেহ উদ্ধার হলে পুলিশ কুকুর নিয়ে যেভাবে তল্লাশি চালানো প্রয়োজন, সেটা হচ্ছে না। মৃতের নাম মিঠুন খামরুই। মঙ্গলবার শালবনী থানার পুলিশ তাঁর দেহ উদ্ধার করে নিয়ে যায়। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, মঙ্গলবার সকালে শালবনীর ভাদুতলা থেকে কর্ণগড় যাওয়ার রাস্তায় একটি কালভার্টের নীচে পড়ে থাকতে দেখা যায় ওই ব্যক্তির দেহ। অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে তদন্ত শুরু হয়েছে বলে জানায় পুলিশ। বিজেপির অভিযোগ খুন করা হয়েছে তাদের দলের কর্মীকে। জানা গিয়েছে, সোমবার একটি মেলা চলছিল এলাকায়। সেখানেই ছিলেন মিঠুন খামরুই। কিন্তু ওই দিন রাতে আর বাড়ি ফেরেননি তিনি। মঙ্গলবার সকালে সেতুর নীচ থেকেই তাঁর মৃতদেহ উদ্ধার হতেই বাড়ে রহস্য। মৃতের ছেলে সৌভিক খামরুই জানিয়েছেন, কারা খুন করেছে বোঝা যাচ্ছে না। বিজেপির দাবি, পরিকল্পিতভাবে খুন করা হয়েছে। বুধবার তাঁর বাড়িতে গিয়ে শুভেন্দু বলেন, ‘‘সকাল থেকে পুলিশের যা কাজ করা উচিত ছিল, তা করা হয়নি। পুলিশ এই মৃত্যুটাকে আত্মহত্যা বা দুর্ঘটনা বলে প্রতিপন্ন করতে চাইছে। এর পিছনে শাসক দলের দুষ্কৃতীরা আছে, এটা পুলিশ সামনে আনতে চাইছে না। বিজেপি পরিবারের পাশে আছে।’’

## বিধানসভায় শুভেন্দুর সাসপেনশন প্রত্যাহার
# যোগ দিতে পারবেন বাজেট অধিবেশনে

**দুরন্ত বার্তা, কলকাতা, ৩১ জানুয়ারিঃ** বিধানসভায় শুভেন্দু অধিকারীর সাসপেনশন তুলে নিলেন স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়। বাজেট অধিবেশনে যোগ দিতে পারবেন বিরোধী দলনেতা। গত বছর নভেম্বর মাসে শীতকালীন অধিবেশনে সাসপেন্ড হয়েছিলেন নন্দীগ্রামের বিধায়ক। গত ২৮ নভেম্বর অধ্যক্ষের প্রতি অসম্মানজনক আচরণের অভিযোগে পুরো শীতকালীন অধিবেশনের জন্য সাসপেন্ড করা হয়েছিল শুভেন্দু অধিকারীকে। যার প্রেক্ষিতে স্পিকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাবও জমা দেয় বিজেপি। ঘটনাটিকে কেন্দ্র করে বাংলার রাজনীতিতে শুরু হয় শোরগোল। এই পরিস্থিতিতে আগামী ৫ ফেব্রুয়ারি থেকে শুরু হচ্ছে বিধানসভায় বাজেট অধিবেশন। এদিকে সাসপেনশনের মেয়াদ শেষ না হওয়ার বিরোধী দলবনেতার পক্ষে বাজেট অধিবেশনে যোগ দেওয়া সম্ভব ছিল না। অবশেষে সমস্ত অনিশ্চয়তার অবসান ঘটিয়ে শুভেন্দুর সাসপেনশন প্রত্যাহার করে নিলেন স্পিকার। ফলে বিধানসভার বাজেট অধিবেশনে শুভেন্দু অংশগ্রহণ করবেন বলেই খবর। শুভেন্দুকে যেদিন সাসপেন্ড



করা হয়েছিল ওইদিন বিধানসভায় শাসকদলকে নিশানা করে একের পর এক তোপ দাগে বিজেপি নেতৃত্ব। একেবারে জেলবন্দি পার্থ চট্টোপাধ্যায় ও জ্যোতিপ্রিয় মল্লিকের ছবি নিয়ে বিধানসভায় চলে আসেন বিজেপি বিধায়করা। শুরু হয়ে যায় তুমুল ধুন্ধুমার। অসংসদীয় আচরণের অভিযোগ এনে তৃণমূল পরিষদীয় দলের তরফে উপমুখ্যসচেতক তাপস রায় বিরোধী দলনেতাকে সাসপেন্ড করার প্রস্তাব এনেছিলেন। এই প্রস্তাবে সম্মতি দেন স্পিকার। প্রসঙ্গত, সংসদের গত শীতকালীন অধিবেশনে রাজ্যসভা ও লোকসভা মিলিয়ে সাসপেন্ড হন ১৪৬ জন বিরোধী সাংসদ। সংসদে নিরাপত্তা লঙ্ঘনের বিষয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের বিবৃতির দাবিতে বিক্ষোভ করার জন্যই তাঁদের সাসপেন্ড করা হয়। বহিষ্কৃত ১৩২ জন সাংসদের শীতকালীন অধিবেশনের শেষদিন পর্যন্ত সাসপেন্ড ছিলেন। বাকি ১৪ জন সাংসদের সাসপেনশন নিয়ে সিদ্ধান্ত নেওয়ার জন্য প্রিভিলেজ কমিটির কাছে বিষয়টি পাঠানো হয়েছিল। গত ১২ জানুয়ারি সংশ্লিষ্ট কমিটি লোকসভার ৩ জন সাংসদের সাসপেনশন প্রত্যাহার করে নেয়। এরপর গতকাল মঙ্গলবার রাজ্যসভার ১১ জন সাংসদের সাসপেনশন প্রত্যাহার করেছে কমিটি।

## এবার ঘুণ বিধানসভাতেও! এখনও পর্যন্ত প্রায় ৮ কোটির প্রতারণার পর্দা ফাঁস

**দুরন্ত বার্তা, কলকাতা, ৩১ জানুয়ারিঃ** শিক্ষক পুরসভার পর এবার দুর্নীতির ঘুণ বিধানসভার চাকরিতেও। বিধানসভায় চাকরি দেওয়ার নাম করে কোটি কোটি টাকার প্রতারণার অভিযোগ। অভিযোগের তির মিতা মুখোপাধ্যায় নামে এক মহিলা ও তাঁর এজেন্টের বিরুদ্ধে। ইতিমধ্যেই ইডি দফতরে অভিযোগ দায়ের করেছেন প্রতারিতরা। বুধবার সকালে ইডি দফতরের নামে জড়ো হন প্রতারিতরা। তাঁদের মধ্যে এক জন বলেন, ‘‘আমার কাছ প্রদীপ বিশ্বাস নামে এক ব্যক্তির যোগাযোগ হয়। তাঁর বাড়ি ঠাকুরনগরে। তিনি আমাকে বিধানসভায় চাকরি দেওয়ার কথা বলেছিলেন। আমার কাছ থেকে ৬ লক্ষ টাকা নিয়েছিল। আমাকে কার্ড দিয়েছিল একটা। জয়েনিং লেটারও দিয়েছিল। পরে দেখছি নিয়োগ হচ্ছে না। জানি সবটা ভুয়ো।’’ এই প্রতারণার চক্রের নেপথ্যে উঠে আসছে মিতা মুখোপাধ্যায় নামে এক মহিলার নাম। তিনি জানান, তাঁদের কাছে টাকা নিয়েছিলেন প্রদীপ। কিন্তু চাকরি যখন তিনি পাননি, প্রদীপের সঙ্গে যোগাযোগ করেন। প্রদীপ তাঁদের অপেক্ষা করতে বলেছিলেন। এভাবেই কেটে যায় ৫-৬ বছর। প্রতারিতদের বক্তব্য, তখন প্রদীপকে চেপে ধরতে তিনি মিতা মুখোপাধ্যায়ের নাম করেন। প্রদীপ জানিয়েছিলেন, তিনি সব টাকা মিতা মুখোপাধ্যায়ের হাতে দেন। প্রতারিতদের অভিযোগ, গোটা রাজ্য জুড়ে প্রতারণার জাল বিছিয়েছেন মিতা মুখোপাধ্যায়। ইতিমধ্যেই বিধানসভায় চাকরি দেওয়ার নাম করে ৮ কোটি টাকার প্রতারণার অভিযোগ উঠেছে তাঁর বিরুদ্ধে। আরেক প্রতারিতের বক্তব্য, সারা বাংলার মিতার নেটওয়ার্ক, আর প্রদীপের মতো এজেন্ট সর্বত্র রয়েছে। বিধানসভার কথা প্রথমে বলেন, তারপর প্রাইমারি, আপার প্রাইমারির জন্যও টাকা নেন। জমি বেঁচে টাকা দিয়েছিলেন তিনি। টাকা ধার নিয়ে দিয়েছিলেন। পাওনাদারদের জন্য বাড়িও ছেড়েছিলেন। সেই প্রতারিতর বক্তব্য, ‘‘মিতা বলেছিলেন পার্থ চট্টোপাধ্যায়, পার্থ ভৌমিকদের সঙ্গে আমার ভাল যোগাযোগ রয়েছে। আমরা বিশ্বাস করেছিলাম। এখন আমরা টাকা ফেরত চাই। আরও অভিযোগ, থানায় অভিযোগ জানিয়েও কোনও লাভ হয়নি। কারণ মিতা বারাসতের প্রভাবশালী।’’ এবার কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার আধিকারিকদের দিকেই তাকিয়ে প্রতারিতরা। এখনও পর্যন্ত মিতার অবশ্য এই নিয়ে কোনও প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

# গাড়ির কাচ ভাঙল, অধীরকে রাহুল বললেন তৃণমূলের বিরুদ্ধে সরাসরি কিছু বলবেন না

**দুরন্ত বার্তা, মালদহ, ৩১ জানুয়ারিঃ** বুধবার দুপুরে রাহুল গান্ধির গাড়ির মালদহে ঢুকতেই ঢিলের আঘাতে পিছনের কাচ ভেঙে পড়ে। রিয়ার স্ক্রিন ভেঙে ঝুর ঝুর করে পড়ে যায়। কিন্তু তার পরেও এ ঘটনা নিয়ে সরাসরি তৃণমূলের বিরুদ্ধে কোনও মন্তব্য করা থেকে অধীর রঞ্জন চৌধুরীকে বিরত করলেন রাহুল গান্ধি। প্রদেশ কংগ্রেস সভাপতিকে তিনি বলেন, ‘‘এখনই মমতাজির পার্টি নিয়ে কিছু বলবেন না যেন।’’ রাহুল বরাবরই ডাকাবুকো। ঢিলের আঘাতে গাড়ির পিছনের কাচ ভাঙার পর তিনি নেমে পড়েন। গাড়ি থেকে নামেন অধীর চৌধুরীও। তার পর সাংবাদিকদের প্রশ্নের জবাবে তৃণমূলের নাম না করে বলেন, ‘‘রাহুল গান্ধির যাত্রার পোস্টার জলপাইগুড়িতে ছেঁড়ে হয়েছে। এখানে কাচ ভাঙা হল। বুঝতেই পারছেন কারা করেছে।’’ পরে সাংবাদিক বৈঠক করে সর্বভারতীয় কংগ্রেসের সাধারণ সম্পাদক জয়রাম রমেশ বলেন, ‘‘হ্যাঁ গাড়িতে ঢিল মারা হয়েছে। কাচ ভেঙেছে। কিন্তু এ সব চলতেই থাকে। আমরা বিজেপিকে হারানোর জন্য বৃহত্তর লক্ষ্য নিয়ে ইন্ডিয়া জোট গঠন করেছি। সেই লক্ষ্য থেকে বিচ্যুত করার জন্য কেউ কেউ চেষ্টা করবে। কিন্তু বিচলিত হলে চলবে না।’’ জয়রাম সাংবাদিক বৈঠকে আরও বলেন, ‘‘মমতা বন্দ্যোপাধ্যায় বলেছেন, তিনি ইন্ডিয়া জোটে রয়েছেন। তিনি বিজেপিকে পরাস্ত করতে চান। আমরাও তাই চাই। তার মানে কী? তার মানে হল, রাস্তা আলাদা হতে পারে কিন্তু আমাদের লক্ষ্য একটাই।’’ তাৎপর্যপূর্ণ হল, রাহুল গান্ধির মতই এদিন মমতা বন্দ্যোপাধ্যায়ও মালদহে ছিলেন। মুখ্যমন্ত্রী বুধবার প্রশাসনিক বৈঠক করেন। কিন্তু সেই সরকারি কর্মসূচি

থেকেই মমতা বলেন, ‘‘কংগ্রেসকে একটাও আসন দেব না।’’ তবে মমতার সেই কথার কৌশলগত ভাবেই কোনও জবাব দিতে চাননি জয়রাম। পর্যবেক্ষকদের মতে, এর অর্থ পরিষ্কার। ইন্ডিয়া জোট রাখার ব্যাপারে কংগ্রেস বারবার আন্তরিক বার্তা দিতে চাইছে। বাংলায় শাসক দলের সঙ্গে জোটের সম্ভাবনা ঘেঁটে গেলেও তার ধারবাহিকতা কৌশল করেই রাখতে চাইছে কংগ্রেস। যাতে বাংলা তো বটেও গোটা দেশে ধর্মনিরপেক্ষ মানুষের কাছে এর বার্তা পৌঁছয়। অন্যদিকে রহুলের গাড়ির কাচ ভাঙা নিয়ে মমতা বলেন, ‘‘মটিংয়ে আসতে আসতে হেলিকপ্টারে একটা খবর পেলাম। কংগ্রেসের একজন নেতা, রাহুলের নামটাই বলে দিই। আমার থেকে ছোট, ওর গাড়িতে নাকি কাচ ভেঙেছে। আমরা এসব পছন্দ করি না। আমরা এসব করিও না।’’ কংগ্রেস নেতার গাড়িতে হামলার ঘটনা সমর্থন করেন না বলে এদিন সাফ জানিয়ে দিয়েছেন মমতা বন্দ্যোপাধ্যায়। তবে তিনি বলেন, ‘‘ওটা বাংলায় নয়, কাটিহারে কিষাণগঞ্জে হয়েছে। আমি ঘটনার নিন্দা করি।’’ এদিন ইংরেজবাজার থেকে চাঁচাছোলা ভাষাতেই রাহুল বলেন, ‘‘ভারত জোড়ো যাত্রায় আমরা ন্যায় শব্দটি জুড়ে দিয়েছি। কারণ প্রতিটা রাজ্যে ভিন্ন ভিন্ন ধরনের অন্যায় হচ্ছে। যে কোনও রাজ্যে চলে যান সেখানের মানুষ বলবেন ভারতে বেকারত্ব যে জায়গায় পৌঁছেছে তা বিগত ৩০-৪০ বছরে দেখা যায়নি। আর্থিক অন্যায়, সামাজিক অন্যায়, মহিলাদের বিরুদ্ধে অন্যায়, কৃষকদের প্রতি অন্যায়, শ্রমিকদের প্রতি অন্যায় করে চলেছে মোদি সরকার। কৃষি ক্ষেত্রে কৃষকদের জন্য কালো আইন এনেছিলেন। কিন্তু, কৃষকরা একজোট হয়ে তা ঠেকিয়েছেন।’’ একইসঙ্গে তাঁদের সরকার ক্ষমতায় এলেই যে দ্রুত জাতি জনগণনা হবে সে কথা জানাতে ভোলেননি রাহুল। একইসঙ্গে কেন ভারত জোড়ো যাত্রার সঙ্গে ন্যায় শব্দ জোড়া হল সেই ব্যাখ্যাও দেন। বলেন, ‘‘আমি আপনাদের মন কি বাত শুনতে এসেছি। সামাজিক ন্যায়ের জন্য জাতি জনগণনার সিদ্ধান্ত নিয়েছি। আমাদের সরকার ক্ষমতায় এলেই আমরা এই সেনসাস করব। দেখা হবে পিছিয়ে পড়া শ্রেণির মানুষ কতজন আছে, আদিবাসী কতজন আছেন, কতজনই বা দলিত। আমরা পাঁচটা ন্যায়ের দাবিতে এগিয়ে চলেছি। আর্থিক ন্যায়, সামাজিক ন্যায়, কৃষকদের ন্যায়, মহিলাদের জন্য ন্যায়, মজদুরদের জন্য ন্যায় নিয়ে আমরা কথা বলতে চাইছি।’’ তবে মালদহে এসে গনিখান চৌধুরীর নাম নিতে ভোলেননি তিনি। তাঁর কাজের জন্য সম্মানও জানান। বলেন, ‘‘ওনার কথা তো বলতেই হবে। উনি যা করেছেন তা ভোলার নয়। ওনাকে মনে রাখতেই হবে।’’

# এই বাজেট অধিবেশন অনুতপ্ত হওয়ার ও ইতিবাচক ছাপ রেখে যাওয়ার সুযোগঃপ্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ৩১ জানুয়ারি ঃ এই বাজেট অধিবেশন অনুতপ্ত হওয়ার ও ইতিবাচক ছাপ রেখে যাওয়ার সুযোগ। বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। পাশাপাশি বিরোধীদের উদ্দেশ্যে প্রধানমন্ত্রীর বার্তা, আমি সমস্ত সাংসদদের কাছে অনুরোধ করছি, নিজেদের সেরাটা দেওয়ার সুযোগ থেকে বঞ্চিত হবেন না।বুধবার সংসদের বাজেট অধিবেশন শুরু হওয়ার প্রাক্কালে সংসদ চত্বরে সাংবাদিকদের মুখোমুখি হন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সংসদে বিঘ্ন না ঘটানোর আবেদন জানিয়ে প্রধানমন্ত্রী মোদী বলেছেন, আমি আশা করছি, যে সমস্ত সাংসদরা গণতান্ত্রিক মূল্যবোধকে ছিঁড়ে ফেলার অভ্যাসে নিয়োজিত রয়েছেন তাঁরা সাংসদ হিসাবে নিজেদের মেয়াদে কী করেছেন তা আত্মদর্শন করবেন। যাঁরা সংসদে ইতিবাচক অবদান রেখেছেন তাঁদের সবাই মনে রাখবে। তবে যারা বিঘ্ন ঘটিযেছেন সেই সদস্যরা, খুব কমই মনে থাকবেন। এই বাজেট অধিবেশন অনুতপ্ত হওয়ার এবং ইতিবাচক পদচিহ্ন রেখে যাওয়ার একটি সুযোগ। আমি সমস্ত সাংসদকে এই সুযোগ হাতছাড়া না করার এবং নিজেদের সেরাটা দেওয়ার জন্য অনুরোধ করছি।

## প্রয়াত শিবসেনা বিধায়ক অনিল বাবর, মহারাষ্ট্র রাজনৈতিক মহলে শোকের আবহ

মুম্বই, ৩১ জানুয়ারি ঃ প্রয়াত হয়েছেন একনাথ শিবিরের শিবসেনা বিধায়ক অনিল বাবর। বুধবার শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন তিনি, মৃত্যুকালে প্রবীণ এই রাজনীতিকের বয়স হয়েছিল ৭৪ বছর। নিউমোনিয়ায় অসুস্থ হয়ে হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন বিধায়ক অনিল বাবর। বুধবার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তাঁর জীবনাবসান হয়েছে বলে জানা গিয়েছে।শিবসেনা বিধায়ক অনিল বাবরের প্রয়াণে শোকের আবহ মহারাষ্ট্রের রাজনৈতিক মহলে, গভীর শোকপ্রকাশ করেছেন মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী একনাথ শিন্ডে। এক্স মাধ্যমে মুখ্যমন্ত্রী শিন্ডে জানিয়েছেন, বিধায়ক অনিল বাবরের প্রয়াণ অত্যন্ত বেদনাদায়ক। তাঁর প্রয়াণে আমরা একজন সত্যিকারের জনপ্রতিনিধিকে হারালাম। জনসাধারণের জন্য তিনি যে কাজ করেছেন, তা কখনই ভুলে যাওয়া যাবে না। ঈশ্বরের কাছে তাঁর আত্মার শান্তি কামনা করছি।

## আইএনডিআই জোটের সমালোচনায় সরব নীতীশ, বললেন বিহারের জনগণের জন্য কাজ করব

পাটনা, ৩১ জানুয়ারি ঃ তাঁর উদ্যোগেই আইএনডিআই জোটের সূচনা, সেই নীতীশ কুমারই এবার আইএনডিআই জোটের তীব্র সমালোচনা করলেন। বুধবার বিহারের মুখ্যমন্ত্রী তথা জেডিইউ সভাপতি নীতীশ কুমার বলেছেন, জোটের জন্য অন্য নাম নির্বাচন করার জন্য আমি তাঁদের আহ্বান জানিয়েছিলাম। কিন্তু তাঁরা আগেই তা চূড়ান্ত করেছিল। আমি অনেক কঠিন চেষ্টা করেছিলাম, কিন্তু তাঁরা একটা কাজও করেনি। এখনও পর্যন্ত তাঁরা সিদ্ধান্ত নিতে পারেননি, কোন দল কতটি আসনে প্রতিদ্বন্দ্বিতা করবে। এই কারণেই আমি তাঁদের ছেড়ে চলে এসেছি এবং শুরুতে যাদের সঙ্গে ছিলাম সেখানে ফিরে এসেছি। আমি বিহারের মানুষের জন্য কাজ করে যাব।কংগ্রেস সাংসদ রাহুল গান্ধী এখন বিহারে জাতিগত জনগণনার কৃতিত্ব নিচ্ছেন, এই প্রসঙ্গে বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমার বলেছেন, তিনি কী ভুলে গিয়েছেন যখন জাতিগত জনগণনা হয়েছিল? আমি ৯টি দলের উপস্থিতিতে এটি পরিচালনা করেছি। ২০১৯-২০২০ সালে আমি সমাবেশ থেকে জনসভা, সর্বত্র জাতিগত জনগণনা পরিচালনার কথা বলেছি। তিনি ভুয়ো কৃতিত্ব নিচ্ছেন, আমি কী করতে পারি? এটা হতে দাও।

## নতুন সংসদ ভবনে ''শ্রেষ্ঠ ভারত''-এর সুবাস রয়েছেঃরাষ্ট্রপতি মুর্মু

নয়াদিল্লি, ৩১ জানুয়ারি ঃ নতুন সংসদ ভবনে সুবাস রয়েছে ''শ্রেষ্ঠ ভারত''-এর। বললেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। রাষ্ট্রপতি বলেছেন, নতুন সংসদ ভবনে এটাই আমার প্রথম বক্তৃতা। অমৃত কালের সূচনাতেই তৈরি হয়েছে এই জমকালো ভবন। এতে ''এক ভারত, শ্রেষ্ঠ ভারত''-এর সুবাস রয়েছে...এতে গণতান্ত্রিক ও সংসদীয় ঐতিহ্যকে সম্মান করার সংকল্পও রয়েছে। এর পাশাপাশি একবিংশ শতাব্দীর নতুন ভারতের নতুন ঐতিহ্য গড়ে তোলার সংকল্পও রয়েছে। আমি নিশ্চিত, এই নতুন ভবনে নীতির বিষয়ে অর্থপূর্ণ আলোচনা হবে।বুধবার সংসদের বাজেট অধিবেশন শুরু হওয়ার প্রাক্কালে সংসদের উভয়কক্ষের যৌথ অধিবেশনে ভাষণ দেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। রাষ্ট্রপতি বলেছেন, গত বছরটি ভারতের জন্য সাফল্যে ভরপুর ছিল। অনেক সাফল্য ছিল - ভারত দ্রুত ক্রমবর্ধনশীল অর্থনীতিতে পরিণত হয়েছিল। চাঁদের দক্ষিণ মেরুতে পৌঁছনো প্রথম দেশ হয়ে ওঠে ভারত। ভারত আয়োজিত সফল জি-২০ শীর্ষ সম্মেলন বিশ্বে ভারতের ভূমিকাকে শক্তিশালী করেছে। এশিয়ান গেমসে ভারত ১০০টিরও বেশি পদক জিতেছে। ভারতও অটল টানেলও পেয়েছে।রাষ্ট্রপতি আরও বলেছেন, আমরা এখন যে অর্জন ও প্রাপ্তি দেখতে পাচ্ছি তা হল গত ১০ বছরের অনুশীলনের সম্প্রসারণ। ''গরীবি হটাও'' স্লোগান আমরা ছোটবেলা থেকেই শুনেছি। এখন আমাদের জীবনে প্রথমবারের মতো, আমরা বড় পরিসরে দারিদ্র্য বিমোচন হতে দেখছি।

## পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা,১ফেব্রুয়ারি ঃবুধবার, ১৭মাঘ মাস ১৪৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ১ফেব্রুয়ারিঃ ২০২৩, ৫৩৬ চৈত৪নাব্দ, কলিঃ৫১২৩, সৌরঃ১৭মাঘ মাস, চান্দ্র ৭ মধুসুধন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাম্ব, ২৫৬৫ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ১৭মাঘ মাস ১৪৩০, ভারতীয় সিভিলঃ১৭মাঘ মাস ১৯৪৪, মৈতৈঃ১৪ শজিবু, আসামঃ২৬ চ'ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপুর্নাপুজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০ঃ৫ঃ ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ ২২(৮) এবং অস্তঃরাত্রি ১২ঃ১৬ঃ ৫০(৮)।শুক্ল পক্ষ ।তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবণিজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগণ্ড অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ ৫৩ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ০৬ঃ০২ থেকে - ০৩ঃ৫২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত। কুলিক বেলাঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ ৪৩ঃ৫২ পর্যন্ত। কুলিক রাত্রিঃ০৭ঃ ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত। কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত। গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১২৪৪ ৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫৩৫৯ (২৩) ২ পদবুধঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২২৩ (২৫) ৩ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪

## যাদবপুরের ছাত্রীর রহস্যমৃত্যুতে উঠে এল চাঞ্চল্যকর তথ্য!

দুরন্ত বার্তা,৩১জানুয়ারিঃ ফের বিতর্কে যাদবপুর বিশ্ববিদ্যালয়। মালবাজারের ওই ছাত্রী বিশ্ববিদ্যালয়ের হস্টেলে থাকতেন। পরীক্ষা দিয়ে বাড়ি ফিরেছিলেন। তারপর বাড়ি থেকেই ওই ছাত্রীর ঝুলন্ত দেহ উদ্ধার হয়। পরিবারের তরফ থেকে ইতিমধ্যেই বিস্ফোরক অভিযোগ তোলা হয়েছে। অভিযোগ, যাদবপুর বিশ্ববিদ্যালয়েরই এক ছাত্র ও এক গবেষক (তাঁরাও দৃষ্টিহীন) ছাত্রীর ওপর শারীরিক ও মানসিক নির্যাতন চালিয়েছিলেন। আর তার জেরেই আত্মহত্যা করেছেন ছাত্রী। পরিবারের বক্তব্য, থানায় অভিযোগ জানিয়েও হয়নি কোনও লাভ। পুলিশি তদন্তে গাফিলতির অভিযোগ মৃত ছাত্রীর পরিবারের । মালবাজার পৌরসভার বাসিন্দা ছিলেন। পরিবারে বাবা, মা ও ভাই রয়েছেন। বাবা শিলিগুড়িতে এক কোম্পানিতে কর্মরত। পরিবারের অভিযোগ, বিশ্ববিদ্যালয়ে মানসিক ও শারীরিকভাবে নির্যাতন করা হত তাঁকে। মালবাজার থানায .অভিযোগ দায়ের। ১৬ জানুয়ারি পরীক্ষা দিয়ে মালবাজার ফিরে আসেন, তারপর মামা বাড়িতে উঠেন।১৮ই জানুয়ারি মামাবাড়ির বারান্দার গিড়িলে গলায় ফাঁস লাগিয়ে আত্মঘাতী হন ছাত্রী।এ বিষয়ে মালবাজার থানায় লিখিত অভিযোগ জানায় পরিবার। কিন্তু এখনও পর্যন্ত পুলিশের তরফে সেভাবে তদন্ত করা হয়নি বলে অভিযোগ পরিবারের। পরিবারের দাবি পুলিশের তরফ থেকে শুধু বলা হয়েছে, ' হবে, জবানবন্দি নেওযা হবে।' কিন্তু কোনটি এখনও পর্যন্ত করেনি পুলিশ। এমনকি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে লিখিত অভিযোগ জানানোর পরেও তাঁদের তরফেও পরিবারের সঙ্গে আর কথা বলা হয়নি এমনটাই দাবি তাঁদের। পরিবারের দাবি, যাতে অভিযুক্ত ছাত্র এবং শিক্ষকের বিরুদ্ধে করা পদক্ষেপ নেওয়া হয়। তাঁদের জন্যই মৃত্যু হয়েছে ছাত্রীর।পরিবারের দাবি, আত্মঘাতী হওয়ার আগে তাঁর ওপর হওয়া নির্যাতনের ঘটনা তিনি বা।রি লোককে জানিয়েছিলেন। কিন্তু পরিবারের লোকেরা তাঁর কথাতে তেমনভাবে গুরুত্ব দেননি। ভেবেছিলেন সব কিছু স্বাভাবিক হয়ে যাবে। কিন্তু আসলে তা হয়নি আর তার জন্যই চরম পরিণতি হল।মৃত ছাত্রীর মা জানান, মূল অভিযুক্তর সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ছিল মেয়ের। যেমন বিশ্ববিদ্যালয় একটা ছেলে আর মেয়ের মধ্যে সম্পর্ক থাকে তেমনি। তবে কিছুদিন যেতে না যেতেই মেয়েকে ব্ল্যাকমেল শুরু করেন অভিযুক্ত। টাকা দাবি করতে থাকেন। অভিযোগ, শারীরিক নির্যাতনের পাশাপাশি মানসিক নির্যাতন করতেন বলেও অভিযোগ। তাঁকে ড্রাগ দেওয়ারও চেষ্টা করা হয় বলে অভিযোগ। যার কারণে তিনি মানসিকভাবে ভেঙে পড়ে আত্মহত্যা পথ বেছে নিয়েছেন বলে দাবি ছাত্রীর। থানায় এবং বিশ্ববিদ্যালয় লিখিত অভিযোগ জানানো হয়েছে বলে দাবি ছাত্রীর মা।এই ঘটনায় বিশ্ববিদ্যালয়ের তরফে জানানো হয়েছে, আগামী সপ্তাহেই বৈঠক ডাকা হবে। এই নিয়ে আলোচনা করা হবে। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার স্নেহমঞ্জু বসুর বক্তব্য, আমরা বিষয়টি খতিয়ে দেখছি। তবে এক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের তরফে কতটা কী করার আছে, তা বলতে পারব না। যেহেতু যে ঘটনাটি ঘটেছে সেটা ছাত্রীর বাড়িতেই ঘটেছে।

## দক্ষিণ দমদম পুরসভার ভাইস চেয়ারম্যানকে তলব ইডি-র

দুরন্ত বার্তা,৩১জানুয়ারিঃ দক্ষিণ দমদম পুর সভার ভাইস চেয়ারম্যান নিতাই দত্তকে ফের একবার ডেকে পাঠাল ইডি। একসময় মন্ত্রী সুজিত বসুর ব্যক্তিগত আপ্ত সহায়ক ছিলেন এই নিতাই। এর আগেও তাঁর বাড়িতে পুর নিয়োগ দুর্নীতি মামলায় তদন্ত চালিয়েছিলেন গোয়েন্দারা। চলতি সপ্তাহেই তাঁকে ইডি দফতরে হাজিরার নোটিস পাঠানো হয়েছে।বস্তুত, পুর নিয়োগ দুর্নীতি মামলায় একাধিকবার রাজ্যের দমকল মন্ত্রী সুজিত বসুর বাড়িতে তদন্ত করেছেন ইডি আধিকারিকরা। খোদ মন্ত্রী সেই সময় অভিযোগ জানিয়ে বলেছিলেন, তাঁর আপ্ত-সহায়ক নিতাই দত্তকে জিজ্ঞাসাবাদ করেছে এজেন্সি। কিছুই পায়নি তারা। তারপরও মন্ত্রীর নাম বলতে চাপ দেওয়া হচ্ছে। সুজিতের অভিযোগ, নিতাইকে ১২ ঘণ্টা জেরা করল কিছুই পেল না। তারপর ওকে বলা হল সুজিত বোসের নাম বলে দাও তোমায় ছেড়ে দেব।নিতাই দত্তের বাড়িতে তল্লাশি চালিয়ে প্রায় সাত পাতার নথি উদ্ধার করেছিলেন ইডি আধিকারিকরা। দক্ষিণ দমদম পুর সভার ভাইস চেয়ারম্যানের বিরুদ্ধে গোয়েন্দা আধিকারিকদের দাবি ছিল, পুরনিয়োগ দুর্নীতি সরাসরি জড়িত নিতাই। কামারহাটি পুরসভায় চাকরি পেয়েছেন নিতাইয়ের স্ত্রী ও ভাই। বিস্ফোরক দাবি গোয়েন্দাদের। সূত্রের খবর কীসের ভিত্তিতে ওই নিয়োগ হয়েছিল, সেখানে কোনও গরমিল ছিল কি না, সেই বিষয়গুলিও ইডির আতসকাঁচের তলায় রয়েছে।

## কাটিহারে শুরু রাহুলের ন্যায় যাত্রা, উৎসাহ-উদ্দীপনায় ভরপুর কংগ্রেস কর্মী-সমর্থকরা

কাটিহার, ৩১ জানুয়ারি ঃ নতুন করে উসাহ ও উদ্দীপনার সঙ্গে বিহারের কাটিহার থেকে শুরু হয়েছে কংগ্রেস নেতা রাহুল গান্ধীর ভারত জোড়ো ন্যায় যাত্রা। বুধবার সকালে বিহারের কাটিহার জেলার কোলাসি গ্রাম থেকে শুরু হয় রাহুল গান্ধীর ভারত জোড়ো ন্যায় যাত্রা, রাহুলের এই ন্যায় যাত্রাকে ঘিরে কংগ্রেস কর্মী-সমর্থকদের মধ্যে ব্যাপক উৎসাহ দেখা গিয়েছে।রাহুলকে একঝলক দেখার জন্য বুধবার ভোর থেকেই কোলাসি গ্রামে উপস্থিত হতে থাকেন কংগ্রেসের কর্মী-সমর্থকরা, উৎসাহ দেখা গিয়েছে সাধারণ মসনুষের মধ্যেও। রাহুল গান্ধীও কাউকে হতাশ করেননি। বাস থেকে নেমে জনসাধারণের সঙ্গে সাক্ষা করেন রাহুল। পরে হুড খোলা গা।তে রোড-শো করেছেন রাহুল গান্ধী। রাস্তার দুই ধারে উপস্থিত জনসাধারণের উদ্দেশ্যে হাত নাড়তে থাকেন তিনি।

## সর্বকালের সর্বশ্রেষ্ঠ অধিনায়ক স্মিথের জন্মদিন

জোহানেসবার্গ, ৩১ জানুয়ারি ঃ গ্রায়েম ক্রেগ স্মিথ হলেন একজন দক্ষিণ আফ্রিকার প্রাক্তন ক্রিকেটার, যিনি দক্ষিণ আফ্রিকার হয়ে.সব ফরম্যাটে খেলেছেন। ২০০৩ সালে ২২ বছর বয়সে দক্ষিণ আফ্রিকার সর্বকনিষ্ঠ অধিনায়ক হন তিনি। ২০১৪ সালে অবসর নেওয়া পর্যন্ত দক্ষিণ আফ্রিকার টেস্ট দলের অধিনায়ক পদে ছিলেন। তিনি সর্বকালের সর্বশ্রেষ্ঠ অধিনাযকদের একজন হিসাবে বিবেচিত হন যিনি দক্ষিণ আফ্রিকাকে রেকর্ড ৫৪টি টেস্ট জয়ে নেতৃত্ব দিয়েছিলেন।একজন বাঁ-হাতি উদ্বোধনী ব্যাটসম্যান, স্মিথকে সর্বকালের সেরা ওপেনারদের একজন হিসাবে বিবেচনা করা হয। ২০০৩ সালে ইংল্যান্ড সফরের সময়, তিনি টানা টেস্ট ম্যাচে ডাবল সেঞ্চুরি করেন। এজবাস্টনে ২৭৭ এবং লর্ডসে ২৫৯। লর্ডসে তার

## তিনদিন লড়াইয়ের পর হাসপাতালে প্রয়াত অতীন ঘোষের মা

দুরন্ত বার্তা,৩১জানুয়ারিঃ আর জি কর হাসপাতালে মৃত্যুর কোলে ঢলে পড়লেন কলকাতা পুরসভার ডেপুটি মেয়র অতীন ঘোষের মা। বুধবার তাকে মৃত ঘোষনা করা হয়। কলকাতার নলিন সরকার স্ট্রিটের বাড়িতে থাকতেন কলকাতা পুরসভার ডেপুটি মেয়র অতীন ঘোষের মা। গত শনিবার বাড়িতে পুজো করার সময় ঘটে দুর্ঘটনা। প্রদীপ থেকে কোনওভাবে আগুন লেগে যায় বৃদ্ধার শাড়িতে। দাউদাউ করে জ্বলে ওঠে শাড়ি। আর্তনাদ শুরু করেন তিনি। চিৎকারে পরিবারের সদস্যরা এসে দেখেন দাউদাউ করে জ্বলছে আগুন। তড়িঘড়ি তাঁকে উদ্ধার করে নিয়ে যাওয়া হয় আর জি কর মেডিক্যাল কলেজে। রবিবারই হাসপাতাল সূত্রে জানা গিয়েছিল, অতীন ঘোষের মায়ের শরীরের ৬৫ থেকে ৭০ শতাংশ পুড়ে গিয়েছিল। তড়িঘড়ি চিকিসা শুরু হলেও সাড়া দিচ্ছিলেন দেরিতে। ফলে দুশ্চিন্তা ছিলই। বুধবার সকালে বৃদ্ধাকে মৃত ঘোষণা করলেন চিকিৎকরা।

## কুয়াশা থেকে নিস্তার পেল না দিল্লি, দৃশ্যমানতা কমতেই রেল ও বিমান পরিষেবা প্রভাবিত

নয়াদিল্লি, ৩১ জানুয়ারি ঃঘন কুয়াশা থেকে বুধবারও নিস্তার পেল না রাজধানী দিল্লি। ঘন কুয়াশার কারণে দৃশ্যমানতা কমে যাওয়ায় বুধবার দিল্লিতে প্রভাবিত হয়েছে বিমান পরিষেবা, পাশাপাশি দেশের বিভিন্ন প্রান্ত থেকে দিল্লিতে আগত অনেকগুলি ট্রেন বিলম্বে চলাচল করেছে। রেল সূত্রের খবর, ঘন কুয়াশা ও খারাপ আবহাওয়ার কারণে বুধবার দেরিতে চলাচল করেছে ২৩টি ট্রেন। এর মধ্যে রয়েছে পুরী-নতুন দিল্লি এক্সপ্রেস, কাটিহার-অমৃতসর এক্সপ্রেস প্রভৃতি।ঘন কুয়াশার কারণে দিল্লিতে এদিন প্রভাবিত হয়েছে বিমান পরিষেবা, দিল্লির ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দরে ৫০-টিরও বেশি বিমান দেরিতে ওঠানামা করেছে। বিমান পরিষেবা বিঘ্নিত হওয়ায় ভোগান্তির শিকার হয়েছেন বহু যাত্রী। কুয়াশা এতটাই বেশি ছিল যে রাজধানী দিল্লিতে এদিন সকালে দৃশ্যমানতা একেবারেই তলানিতে পৌঁছে যায়। ভারতীয় আবহাওয়া দফতর জানিয়েছে, আপাতত এই কুয়াশা থেকে রেহাই পাবে না রাজধানী দিল্লি।

## আবহাওয়া

বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ২৮.৩ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ১৯.০২ডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৯২শতকরা এবং ৪১শতকরা। বৃষ্টি হয়নি বুধবার । জোয়ার-সকাল ৬টা ২১ মিনিট এবং রাত৮টা ২০মিনিট হবে। ভাটা-সকাল-৬টা ২০মিনিট। রাত-১০টে ২১ মিনিট। সূর্য উদয় আজঃ ৬ টা ২১মনিটে এবং সূর্য অস্ত যাবে ঃ ৫ টা ০৫ মিনিটে।

## চিলিকে উড়িয়ে দিয়েও এখনও অলিম্পিক নিশ্চিত নয় আর্জেন্টিনার

চিলি, ৩১ জানুয়ারি ঃ আগামী অলিম্পিকের জন্য জায়গা নিশ্চিত করেছে ব্রাজিল। আর্জেন্টিনা এখনও অলিম্পিকে যাওয়ার রাস্তা পরিষ্কার করতে পারেনি। বুধবার সকালে সকলে তাকিয়ে ছিল কনমেবলের আরেক পরাশক্তির দল আর্জেন্টিনার দিকে। প্রাক-অলিম্পিক টুর্নামেন্টের এই ম্যাচে চিলিকে ৫-০ গোলে উড়িয়ে দিয়েছে আর্জেন্টিনা অনূর্ধ্ব-২৩ দল। তা সত্ত্বেও এখনো অলিম্পিকে আর্জেন্টিনার জায়গার রাস্তা নিশ্চিত হয়নি।প্রাক-অলিম্পিক কনমেবল অঞ্চলের গ্রুপ 'বি' -র এই ম্যাচটি জিতে অবশ্য বর্তমানে টেবিলের শীর্ষে অবস্থান করছে আর্জেন্টিনা, তবে তাদের সমান পয়েন্ট রয়েছে প্যারাগুয়েরও। যাদের বিপক্ষে ড্র করেছিল আর্জেন্টিনা। চিলির বিপক্ষে আর্জেন্টিনা প্রথম গোল করে প্রথমার্ধের শেষ মিনিটে । গোল করেন থিয়াগো আলমাদা। দ্বিতীয় হাফে আর্জেন্টিনা আরও চার গোল দেয় চিলিকে। ৫৭ মিনিটে পেনাল্টি থেকে দ্বিতীয় গোলটি করেন সেই আলমাদা। এর চার মিনিট পর গোল পান সান্তিয়াগো কাস্ত্রো। ম্যাচ শেষের এগারো মিনিট আগে গোল করেন অ্যারন কুইরোস। আর ম্যাচের ৯০ মিনিটে চিলির কফিনে শেষ গোলটি করেন লুসিয়ানো গন্ডু।এই ব। জয়ের পরেও অলিম্পিকে খেলা এখনো নিশ্চিত নয় আর্জেন্টিনার। শেষ ম্যাচে উরুগুয়ের বিপক্ষে জিততে হবে তাদের। পাশাপাশি প্যারাগুয়ে ও চিলির ম্যাচের দিকেও তাকিয়ে থাকতে হবে আর্জেন্টিনাকে। যদি উরুগুয়েকে আর্জেন্টিনা হারায়, আর ওপর ম্যাচে প্যারাগুয়ে চিলির বিপক্ষে পয়েন্ট হারায় তাহলে অলিম্পিকে জায়গা নিশ্চিত হবে আর্জেন্টিনার।

## রাষ্ট্রপতির বক্তৃতা ছিল শুধুমাত্র প্রধানমন্ত্রী মোদী ও তাঁদের সরকারের প্রশংসাঃমল্লিকার্জুন খাড়গে

নয়াদিল্লি, ৩১ জানুয়ারি ঃ সংসদের উভয়কক্ষের যৌথ অধিবেশনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর ভাষণের প্রতিক্রিয়া দিলেন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে। খাড়গের মতে, রাষ্ট্রপতির বক্তৃতা ছিল শুধুমাত্র প্রধানমন্ত্রী মোদী ও তাঁদের সরকারের প্রশংসা। কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে আরও বলেছেন, রাষ্ট্রপতির বক্তৃতা একটি প্রচার ছিল, প্রধানমন্ত্রী মোদীর বিজ্ঞাপন এবং একটি রাজনৈতিক বক্তৃতা। রাষ্ট্রপতির ভাষণে চাকরি সংক্রান্ত কিছু উল্লেখ ছিল না, এটি ছিল দরিদ্রদের ফাঁদে ফেলার একটি নথি।রাষ্ট্রপতির ভাষণ প্রসঙ্গে আবার কংগ্রেস সাংসদ রাজীব শুক্লা বলেছেন, রাষ্ট্রপতির বক্তৃতায় রাম মন্দিরের উল্লেখ এলে সোনিয়াজিও তা স্বাগত জানান। রাম মন্দির নির্মাণ কংগ্রেসের দাবি। কংগ্রেস সাংসদ শশী থারুর বলেছেন, তাঁরা (বিজেপি) রাষ্ট্রপতির জন্য একটি নির্বাচনী ভাষণ লিখেছেন, এটি একটি একতরফা আখ্যান, যেখানে অনেকগুলি গুরুত্বপূর্ণ বিষয় বাদ পড়েছে, আমি বিশ্বাস করি, লোকসভা নির্বাচনে ভোট দিতে গেলে জনসাধারণকে চিন্তা করতে হবে।

## ছাত্রীকে ' যৌন হেনস্থা'! ধৃত নিরাপত্তারক্ষী

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ পঞ্চম শ্রেণির এক ছাত্রীকে যৌন হেনস্থার অভিযোগে গ্রেফতার হলেন স্কুলের নিরাপত্তারক্ষী। এই ঘটনায় কেষ্টপুরের ওই স্কুলে মঙ্গলবার বিকেলে উত্তেজনা তৈরি হয়। বিধাননগর কমিশনারেটের এক কর্তা বলেন, ' থেকে অভিযোগ পাওয়ার সঙ্গে সঙ্গে ওই নিরাপত্তারক্ষীকে গ্রেফতার করা হয়েছে। তবে নির্যাতিতার বাড়ি থেকে এখনও অভিযোগ দায়ের হয়নি।'' স্কুলের তরফে জানানো হয়েছে, ঘটনাটি ঘটে প্রথম পিরিয়ডের পরে। কিন্তু ওই ছাত্রী সব ক'টি ক্লাস করে। ছুটির পরে তার মা তাকে রোজ নিয়ে যেতে আসেন। এ দিনও সে রকমই এসেছিলেন। তখন ছাত্রীটি ঘটনাটি জানায় মাকে। প্রধান শিক্ষিকা বলেন, ' ছাত্রীর মা আমাদের জানান, তাঁর মেয়ে যখন করিডর দিয়ে যাচ্ছিল, তখন নিরাপত্তারক্ষী তাকে শৌচাগারে জোর করে নিয়ে গিয়ে যৌন হেনস্থা করেছে। এই অভিযোগ পাওয়ার সঙ্গে সঙ্গে ব্যবস্থা নিয়েছি। বাগুইআটি থানায় খবর দিতেই পুলিশ আসে। ওই নিরাপত্তারক্ষী তখন স্কুলে ছিলেন। তাঁকে পুলিশের হাতে তুলে দিয়েছি। পুলিশকে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিতেও বলেছি।''ঘটনার খবর জানাজানি হতেই স্কুলের সামনে অন্য অভিভাবকেরা বিক্ষোভ দেখাতে শুরু করেন। তাঁদের অভিযোগ, এই যদি অবস্থা হয়, তা হলে কোন ভরসায় তাঁরা মেয়েদের স্কুলে পাঠাবেন? অভিযুক্ত নিরাপত্তা রক্ষীকে তাঁদের হাতে তুলে দেওয়ার দাবিও করতে থাকেন অভিভাবকেরা। শেষে পুলিশ অভিযুক্তকে গ্রেফতার করে থানায় নিয়ে যায়। ঘটনার কথা সারা দিন স্কুলে কাউকে না বলতে পেরে মানসিক কষ্টে ছিল ওই ছাত্রী। ছুটির পরে সে মাকে বিষয়টি বলার সময়ে কান্নায় ভেঙে পড়ে।অভিযুক্ত ব্যক্তি একটি বেসরকারি সংস্থার নিরাপত্তারক্ষী। প্রধান শিক্ষিকা বলেন, ' সিসি ক্যামেরা পরীক্ষা করে দেখা হচ্ছে। সেখানে যা পাব, পুলিশের হাতে তুলে দেওয়া হবে।''

## দমদমে একাকী বৃদ্ধার রহস্যমৃত্যু!

দুরন্ত বার্তা,৩১জানুয়ারিঃশহর কলকাতায় ঘটে গেল অপ্রীতিকর ঘটনা। দমদমের গোরাবাজারে একাকী বৃদ্ধার রহস্যমৃত্যু। লুটের উদ্দেশে এসে খুন নাকি নেপথ্যে অন্যরহস্য, তা জানতে তদন্ত শুরু করেছে পুলিশ।জানা গিয়েছে, বৃদ্ধার নাম তারা শর্মা। তাঁর বয়স ৬৮ বছর। তাঁর স্বামী অশোক শর্মা বহুজাতিক সংস্থায় উচ্চপদে কর্মরত ছিলেন। মাস ছয়েক আগে তাঁর মৃত্যু হয়। সেই থেকে গোরাবাজারের বাড়িতে একাই থাকতেন ওই বৃদ্ধা। সূত্রের খবর, মঙ্গলবার সকালের পর বৃদ্ধাকে আর কেউ দেখতে পাননি। বৃদ্ধার মেয়ে বারবার ফোন করলেও মায়ের সাড়া পাননি। এর পর্যায়ে বাড়িতে ছুটে আসেন তিনি। বহু ডাকাডাকির পরও সাড়া না দেওয়ায় দমদম থানায. খবর দেওয়া.হয। পুলিশ গিয়ে দরজা ভাঙতেই ভয়ংকর দৃশ্য। দেখা যায়, পড়ে বৃদ্ধার রক্তাক্ত দেহ।পরিবারের অভিযোগ, একাকী বৃদ্ধাকে কেউ বা কারা খুন করেছে। বৃদ্ধার মাথায়ও

## রাশিফল

**মেষরাশিঃ**স্বাস্থ্যের দিক দিয়ে এই সময়কালটি মন্দ যাবে, কাজেই আপনি কি খাচ্ছেন সে ব্যাপারে সতর্ক হোন। খরচ বাড়বে কিন্তু আয়ের উত্থান আপনার বিলগুলির তত্ত্বাবধান করবে।
**বৃষভ রাশিঃ**আপনার ব্যক্তিগত সমস্যা মানসিক সুখ নষ্ট করতে পারে কিন্তু এই চাপ সামলাতে আকর্ষণীয় কিছু পড়ার মাধ্যমে '
**মিথুন রাশিঃ**কাজে এবং ঘরে কিছু চাপ আপনাকে খিটখিটে করে তুলবে। বিনোদন এবং রূপচর্চায় বেশী খরচ নয়। বাড়িতে নিয়ন্ত্রক অবস্থা বিদ্যমান বলে আপনার
**কর্কট রাশিঃ**আপনার স্ত্রীর সাথে পারিবারিক সমস্যা ভাগ করে নিন। নিজেদেরকে এক প্রেমপূর্ণ
**সিংহরাশিঃ**পিতা আপনাকে সম্পত্তির উত্তরাধিকার থেকে বঞ্চিত করতে পারেন। শুভদিন
**কন্যারাশিঃ**বয়স্করা তাঁদের বা।তি শক্তি কোনো ইতিবাচক কাজে লাগালে শুভ ফল পাবেন।
**তুলারাশিঃ**স্বাস্থ্যের দিক থেকে এটি অত্যন্ত ভালো দিন। শুভদিন
**বৃশ্চিক রাশিঃ** আপনি আপনার শারীরিক মনোবল বজায় রাখার জন্য খেলাধুলায় আপনার সময় ব্যয় করুন। সংসারে শান্তি হবে
**ধনু রাশিঃ** আপনার ঈর্ষাপরায়ণ ব্যবহার আপনাকে দু ঃখিত এবং অবসাদগ্রস্থ করতে পারে। আর্থিক সীমাবদ্ধতা এড়াতে আপনার বাজেটে আটকে থাকুন। শুভদিন
**মকর রাশিঃ**যেহেতু আপনার নিরন্তর উদ্যমের সাথে সাধারণ বুদ্ধি এবং বোধশক্তি মিলিত হয়ে আপনার সাফল্য নিশ্চিত করবে তাই আপনার ধৈর্য্য বজায় রাখুন।
**কুম্ভ রাশিঃ**গর্ভবতী মায়েদের জন্য বিশেষ যত্নের দিন। আপনারা আজ রাতে আর্থিক লাভ অর্জনের সম্ভাবনা সবচেয়ে বেশি কারণ আগে ঋণ দেওয়া কোনও টাকা তৎক্ষণাত্ ফিরে আসবে।
**মীন রাশিঃ**অপ্রয়োজনীয় উত্তেজনা এবং দুশ্চিন্তা আপনার জীবনকে রসকষহীন করে তুলতে পারে। এগুলির হাত থেকে মুক্তি পাওয়ায় ভালো অন্যথায় সেগুলি শুধু আপনার সমস্যাকেই তীব্রতর

## ছাত্রকে 'মারধর' অভিযোগ দায়ের হল প্রধান শিক্ষকের বিরুদ্ধে

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ গল্ফ গ্রিন থানা এলাকার একটি স্কুলের প্রধান শিক্ষকের বিরুদ্ধে ষষ্ঠ শ্রেণির এক পড়ুয়াকে মারধরের অভিযোগ উঠেছে। ওই পড়ুয়ার বাবা গল্ফ গ্রিন থানায় প্রধান শিক্ষকের বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করেছেন। তাঁর দাবি, গান্ধী কলোনি মাধ্যমিক বিদ্যালয় নামে ওই স্কুলের প্রধান শিক্ষক আশিসকুমার মুখোপাধ্যায় তাঁর ছেলেকে এমন মারধর করেছেন যে, সে বাড়িতে ফিরে অসুস্থ হয়ে পড়ে। এম আর বাঙুর হাসপাতালে নিয়ে গিয়ে তার প্রাথমিক চিকিসা করাতে হয়। আরও অভিযোগ, ওই ছাত্র এখন এতটাই আতঙ্কিত যে, স্কুলে যেতে ভয় পাচ্ছে। যদিও অভিযুক্ত প্রধান শিক্ষকের দাবি, ওই অভিভাবকের অভিযোগ মিথ্যা। শৃঙ্খলা শেখাতে গিয়ে স্কেল দিয়ে খুব হালকা ভাবে ওই ছাত্রের পিছনে আঘাত করেছিলেন তিনি। ছাত্রের বাবা পেশায় একটি বেসরকারি গোয়েন্দা সংস্থার গোয়েন্দা। তিনি বলেন, ' টিফিন পিরিয়ডের পরে ছেলে ক্লাস মনিটরকে বলেই শৌচালয়ে গিয়েছিল। সেই সময়ে করিডরে প্রধান শিক্ষক ঘুরছিলেন। তিনি জানতে চান, কেন সে টিফিনের পরে বাইরে ঘুরছে। ছেলে জানায়, ও শৌচালয়ে গিয়েছিল। কিন্তু প্রধান শিক্ষক ওকে হঠা বেধ।ক মারতে শুরু করেন। এমনকি, বুট দিয়ে পায়েও আঘাত করেন। তাতে ওর পা ফুলে গিয়েছে। মাথাতেও লেগেছে।'' তাঁর দাবি, এর পরে ক্লাসে গিয়ে ছেলে কাঁদতে থাকে। ছুটির পরে মাকে ঘটনাটি জানায় সে। বাবার দাবি, ছেলে ভাল করে দাঁড়াতে পারছিল না। তাই হাসপাতালে নিয়ে যান তাঁরা। প্রাথমিক চিকিৎসার পরে ছেলেকে ছেড়ে দেয় হাসপাতাল। চিকিৎসকেরা তাকে বাড়িতে এক সপ্তাহ পর্যবেক্ষণে রাখতে বলেছেন বলেও দাবি পরিবারের। বাবার বক্তব্য, ছেলের যা মানসিক অবস্থা, তাতে ওই স্কুলে আর তাকে রাখতে পারবেন না বলেই মনে করছেন তিনি।অভিযুক্ত প্রধান শিক্ষক যদিও বলেন, ' পড়ুয়া দুষ্টুমি করলে বেধ।ক মারধর করব, এমন মানসিকতা আমার নেই। তবে, আমরা বার বার বলেছি যে, টিফিনের পরে কেউ যেন ক্লাসের বাইরে না ঘোরে। শৌচালয়ে যাওয়ার থাকলে টিফিনের সময়ে যাক। টিফিন অনেক ক্ষণ ধরে চলে। তার পরেও কেন পড়ুয়ারা বাইরে ঘুরবে? এই নিয়ম মানতে শেখানো হয় শৃঙ্খলা আনার জন্য। ওই ছাত্রকে বাইরে ঘুরতে দেখে আমি ছোট স্কেল দিয়ে ওর নিতম্বে হালকা আঘাত করি। এর থেকে বেশি কিছু নয়।''তাঁর আরও বক্তব্য, ' পড়ুয়া আমার পুত্রসম। ওকে শৃঙ্খলা শেখাতেই স্কেল দিয়ে সামান্য আঘাত করেছিলাম। তার জন্য যে থানা-পুলিশ হবে, ভাবতে পারিনি।'' গল্ফ গ্রিন থানা জানিয়েছে, অভিযোগ তারা পেয়েছে। বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।

## ইংলিশ প্রিমিয়ার লিগঃম্যানসিটিকে সরিয়ে পয়েন্ট টেবিলের দুইয়ে উঠে এল আর্সেনাল

ম্যানচেস্টার, ৩১ জানয়ারি ঃইংলিশ প্রিমিয়ার লিগে ক্রিস্টাল প্যালেসের পর নটিংহ্যাম ফরেস্টের বিরুদ্ধে জয় পেল আর্সেনাল। আর তাতেই ম্যান সিটিকে সরিয়ে পয়েন্ট টেবিলের দুইয়ে উঠে এলো আর্সেনাল। মঙ্গলবার (৩০ জানুয়ারি) রাতে নটিংহ্যাম ফরেস্টের বিপক্ষে ২-১ গোলে জয় পেল আর্সেনাল। প্রথমার্ধ গোলশূন্য থাকার পর দ্বিতীয়ার্ধের প্রথমদিকে ডেডলক গোল করেন গ্যাব্রিয়েল জেসুস। কিছুক্ষণ পর আবার গোল করেন বুকায়ো সাকা। নটিংহ্যাম শেষ মুহূর্তে একটি গোল করে।এই জয়ের ফলে ২২ ম্যাচ শেষে ৪৬ পয়েন্ট নিয়ে দ্বিতীয় স্থানে আর্সেনাল। দুই ম্যাচ কম খেলা ম্যানচেস্টার সিটি ৪৩ পয়েন্ট নিয়ে আছে টেবিলের তিন নম্বরে। ২১ ম্যাচে ৪৮ পয়েঃট নিয়ে সবার শীর্ষে আছে ইয়ুর্গেন ক্লপের লিভারপুল। নটিংহ্যাম ২০ পয়েঃট নিয়ে রয়েছে টেবিলের ১৬ নম্বরে।

# ধারালো অস্ত্র দিয়ে গলার নলি কেটে মাকে খুন করলো ছেলে

**উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, সোনারপুর, ৩১ জানুয়ারিঃ** ধারালো অস্ত্র দিয়ে গলার নলি কেটে মাকে খুন করলো ছেলে। আর এই ঘটনায় চাঞ্চল্য ছড়ালো এলাকায়।ধারালো অস্ত্র দিয়ে গলার নলি কেটে মাকে খুন করলো ছেলে।নেশার টাকা না পেয়ে ধারালো অস্ত্র দিয়ে গলা কেটে মাকে খুন করেছে বলে অভিযোগ। নাতির কান্নাকাটি ও চিৎকারে প্রতিবেশীরা দৌড়ে এলে ধরা পড়ে অভিযুক্ত ছেলে। পরে তাকে পুলিশের হাতে তুলে দেয় স্থানীয়রা। ঘটনায় ভাইয়ের বিরুদ্ধে সোনারপুর থানায় অভিযোগ দায়ের দিদি স্বর্ণলতা হালদারের। দিদির অভিযোগের ভিত্তিতে গ্রেফতার ভাই শম্ভু হালদার। ধৃতকে বুধবার বেলায় সোনারপুর থানা থেকে বারুইপুর মহকুমা আদালতে পেশ করা হলো।পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেল,দক্ষিন ২৪ পরগনার রাজপুর সোনারপুর পুরসভার ১৭ নম্বর ওয়ার্ডের সুভাষগ্রামের মাঠকল এলাকার বাসিন্দা মায়া হালদার (৭২)। তিনি আয়ার কাজ করতেন। মঙ্গল বার কাজ সেরে রাত্রি সাড়ে ৯টা নাগাদ বাড়ি ফেরেন।রাতেই টাকার জন্য মায়ের সাথে ঝামেলা করে ছেলে। তারপর ধারালো অস্ত্র নিয়ে ছেলে হামলা চালায় মায়ের উপরে। ধারালো অস্ত্র দিয়ে মায়ের গলা কেটে দেয় বলে অভিযোগ। ধৃতকে নিজেদের হেফাজতে নিয়ে তদন্তের কাজ চালাতে চায় পুলিশ। পুলিশ মৃতদেহ বুধবার ময়নাতদন্তের জন্য পাঠিয়ে তদন্ত কাজ শুরু করেছে।

# নির্বাচনে তৃণমূল কংগ্রেস এর চার জন বিধায়ক ভোট দিতে পারবেন না

**দুরন্ত বার্তা, কলকাতা, ৩১ জানুয়ারিঃ** আসন্ন রাজ্যসভা নির্বাচনে তৃণমূল কংগ্রেস এর চার জন বিধায়ক ভোট দিতে পারবেন না। এরা হলেন পার্থ চ্যাটার্জী, মানিক ভট্টাচার্য, জীবন কৃষ্ণ সাহা ও জ্যোতিপ্রিয় মল্লিক। ১৯৫১ সালের জন প্রতিনিধিত্ব আইন এর ৬২ ধারায় কারাগারে সাজা প্রাপ্ত বা বিচারাধীন ব্যক্তি দেশের কোনো নির্বাচনই অংশ নিতে পারবেন না বলে নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে। উল্লেখ্য আগামী সাতাশে ফেব্রুয়ারি রাজ্যসভার নির্বাচন। এই নির্বাচনে শুধুমাত্র সাংসদ এবং বিধায়করা ভোট দিতে পারেন।

# সীমান্তে টোটো গাড়ি থেকে ছটি সোনার বিস্কুট সহ গ্রেপ্তার পাচারকারী

**সৌরভ দাশ, বসিরহাট, ৩১ জানুয়ারিঃ** স্বরূপনগর থানার হাকিমপুরের ঘটনা। বিএসএফ সূত্রে জানা যায় তরিকুল ইসলাম গাজী নামে ওই পাচারকারী একটি টোটো গাড়ির মধ্যে ওই ৬টি সোনার বিস্কুট বাংলাদেশ থেকে ভারতে প্রচার করার চেষ্টা করছিল সেই সময় বিএসএফের ১১২ নম্বর ব্যাটেলিয়ানের জওয়ানরা গোপন সূত্রে খবর পেয়ে হাকিমপুর চেকপোষ্টে টোটো গাড়িটি আটক করে তল্লাশি করলেই টোটোর সিটের তলা থেকে উদ্ধার হয় ৬ টি সোনার বিস্কুট যার ওজন ৬৮৬ গ্রাম আনুমানিক বাজার মূল্য প্রায় ৪৪ লক্ষ টাকা বলে জানা গেছে , টোটো সোনার বিস্কুট সহ ধৃত পাচারকারী কে তেতুলিয়া শুল্ক দফতরের হাতে তুলে দিয়েছে বিএসএফ। ধৃত পাচারকারীকে বসিরহাট মহাকুমা আদালতে তোলা হয়।

# সন্দেশখালিতে জমি ফেরতের দাবিতে বিক্ষোভ মালিকদের

**নিজস্ব সংবাদদাতা, বসিরহাট, ৩১ জানুয়ারিঃ** শাসক দলের নেতারা প্রভাব খাটিয়ে নদীর নোনা জল সুইস গেট দিয়ে এলাকায় ঢুকিয়ে চাষের জমি কে মাছ চাষের জমিতে পরিণত করেছেন। এমনকি দীর্ঘদিন হয়ে গেলেও জমির মালিকরা লীজের টাকা পান নি। বুধবার জমি ফেরত এর দাবি নিয়ে সন্দেশখালি দু নম্বর বিডিও অফিসের সামনে বিক্ষোভে সামিল হলেন জমি মালিকরা। বিক্ষোভকারীদের দাবি, অবিলম্বে তাদের চাষের জমি ফিরিয়ে দিতে হবে। স্থানীয় সূত্রে জানা গিয়েছে সন্দেশখালি দুনম্বর ব্লকের দারিকজঙ্গল মৌজার ৭ নম্বর সুইচগেট সংলগ্ন এলাকায় কয়েক বছর আগে জোর করে সুইচগেট দিয়ে নোনা জল তুলে চাষের জমিতে ঢুকিয়ে দেয় এলাকার প্রভাবশালী কিছু নেতা। বিষয়টি নিয়ে সে সময় কৃষকদের তরফ থেকে মাসপিটিশন করে প্রশাসনিক দপ্তরে জমা দেওয়া হয়। কিন্তু সুরাহা হয়নি। এলাকার কৃষকরা সুইচগেটে তালা মেরে নিজেদের জমি ফেরত পাওয়ার আশায় এদিন বিডিও অফিসের সামনে বিক্ষোভে সামিল হন। বিক্ষোভকারী কৃষকদের দাবি অবিলম্বে তাদের জমি ফেরত দিতে হবে।

আজকে জে. জে. ২ পঞ্চায়েত এর পক্ষ থেকে মাধ্যমিক পরীক্ষার্থীদের শুভেচ্ছা জানানো হল এবং পরীক্ষার জন্য প্রয়োজনীয় জিনিস প্রদান করা হয়।

# কলকাতাতেই ধর্না মমতার, শুক্রে কর্মসূচি

**দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ** কেন্দ্রের বিরুদ্ধে ধর্নায় বসতে চলেছেন বাংলার মুখ্যমন্ত্রী। ১০০ দিনের কাজ-সহ বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পের বকেয়া টাকার দাবিতে কেন্দ্রের বিরুদ্ধে ধর্না কর্মসূচির দিন স্থির করে আগেই জানিয়েছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বুধবার মালদহের সরকারি কর্মসূচি থেকে তিনি জানিয়ে দিলেন ধর্নাস্থানও। মুখ্যমন্ত্রী জানিয়েছেন, ১ ফেব্রুয়ারির মধ্যে কেন্দ্রীয় সরকার বকেয়া না দিলে, ২ ফেব্রুয়ারি অর্থাৎ আগামী শুক্রবার থেকে তিনি কলকাতার রেড রোডে বাবা সাহেব অম্বেডকরের মূর্তির সামনে ধর্নায় বসবেন। ওই দিন দুপুর ১টায় শুরু হবে কর্মসূচি। বস্তুত, গত বছর মার্চ মাসে, একই দাবিতে একই জায়গায় দু'দিনের ধর্না করেছিলেন মমতা। তবে এ বার তাঁর ধর্না কত দিন চলবে তা মালদহের সভা থেকে স্পষ্ট করেননি মুখ্যমন্ত্রী। মালদহের সভায় ধর্নাস্থান হিসাবে বাবা সাহেব অম্বেডকরের মূর্তির পাদদেশ বললেও বহরমপুরের সভায় বলেন, গান্ধী মূর্তির পাদদেশে হবে ধর্না। তবে কলকাতায় যে কর্মসূচি হচ্ছে, তা স্পষ্ট হয়ে গিয়েছে বুধবার। মমতা যখন কলকাতাতেই ধর্না হবে বলে ঘোষণা করছেন, তার কিছু ক্ষণ আগেই সংসদের বাজেট অধিবেশনে যোগ দিতে দিল্লি রওনা হয়ে গিয়েছেন তৃণমূলের 'সেনাপতি' অভিষেক বন্দ্যোপাধ্যায়। বৃহস্পতিবার ভোট অন অ্যাকাউন্ট পেশ করবেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন। যে হেতু সামনেই লোকসভা ভোট, তাই এ বার পূর্ণাঙ্গ বাজেট পেশ হবে না। বুধবার অধিবেশনের আনুষ্ঠানিক সূচনা হয়েছে। চলবে আগামী ১০ দিন। ফলে অভিষেক গোটা অধিবেশন দিল্লিতেই থাকবেন, না কি নেত্রীর কর্মসূচিতে যোগ দেবেন তা নিয়ে শাসকদলের মধ্যেই কৌতূহল তৈরি হয়েছে।গত কয়েক মাস ধরে তৃণমূলের সর্বোচ্চ নেতৃত্বের মধ্যে নানা বিষয়ে মতের বৈপরীত্য প্রকাশ্যে এসেছে। সেই প্রেক্ষাপটে কৌতূহল হওয়াটাই স্বাভাবিক বলে মনে করছেন রাজনৈতিক মহলের অনেকে। যদিও মঙ্গলবার মহাত্মা গান্ধীর প্রয়াণ দিবসে এক্স হ্যান্ডলে পোস্ট করে অভিষেক লিখেছিলেন, ''দুঃখজনক হল, গান্ধীজির নামাঙ্কিত প্রকল্পেই (এমজিএনআরজিএস আজ আমাদের শ্রমিকেরা শোষিত হচ্ছেন, বঞ্চিত হচ্ছেন!'' পাশাপাশি লিখেছিলেন, 'গান্ধীজির মৃত্যু বার্ষিকীতে আমি সেই বঞ্চিতদের লড়াইয়ে অবিচল থাকার অঙ্গীকার করছি।'' গত অক্টোবরে বকেয়ার দাবিতে অভিষেকের নেতৃত্বে দিল্লিতে গিয়ে ধুন্ধুমার বাধিয়েছিল তৃণমূল। কলকাতায় ফিরে এসে রাজভবনের সামনে টানা ধর্নাতেও বসেছিলেন তৃণমূলের সর্বভারতীয় সভাপতি। তার পর সেই কর্মসূচি থেকেই অভিষেকের ঘোষণা ছিল, নভেম্বর থেকে ফের আন্দোলন শুরু হবে। কিন্তু নভেম্বরে সেই আন্দোলন হয়নি। দলশ্রুতি, তা নিয়ে অভিষেক খানিকটা 'ক্ষুণ্ণ' ছিলেন। সম্প্রতি তাঁর 'গুটিয়ে থাকা' নিয়ে যখন রাজ্য রাজনীতিতে বিস্তর আলোচনা হয়েছে, তখনও শোনা গিয়েছিল, অভিষেকের অনেকগুলি ক্ষোভের মধ্যে একটি হল, কেন্দ্রীয় বঞ্চনার বিরুদ্ধে তাঁর 'আগ্রাসী আন্দোলন' থামিয়ে দেওয়া। গত দু'বছর ধরেই তৃণমূল তথা রাজ্য সরকার বলে আসছে, ১০০ দিনের কাজের টাকা কেন্দ্র আটকে রেখেছে। বাংলার শাসকদলের আরও অভিযোগ, কাজ করানোর পরেও 'মনরেগা'র কাজের মজুরি আটকে রেখেছে দিল্লি। পাল্টা বিজেপির বক্তব্য, বাংলায় বিপুল কারচুপি হয়েছে। নবান্ন হিসাব না-দিলে কেন্দ্র নতুন করে টাকা দেবে কেন? তবে এখন আর বঞ্চনার অভিযোগ শুধু ১০০ দিনের কাজের প্রকল্পে আটকে নেই। আবাস যোজনা, গ্রাম সড়ক যোজনা নিয়েও কেন্দ্রের বিরুদ্ধে অভিযোগ তুলছে তৃণমূল। মালদহের সভা থেকে মমতা জেলার নেতাদের বার্তা দেন, যাঁরা বঞ্চিত, তাঁদের নিয়ে কলকাতায় আসতে হবে ২ ফেব্রুয়ারি।

**দেওয়া হলো ডেপুটেশন**

# হকারদের উপর অত্যাচারের প্রতিবাদে হাওড়ায় ঋতব্রতর প্রতিবাদ সভা

**শ্রেয়া আদক, হাওড়া, ৩১ জানুয়ারিঃ** রেলের হকারদের উপর আরপিএফের অত্যাচারের প্রতিবাদে ঋতব্রত বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে তৃণমূল শ্রমিক সংগঠনের প্রতিবাদ সভা হলো হাওড়ায়। বুধবার বিকেলে হাওড়া স্টেশনে ডিআরএম অফিসের বিপরীতে ওই সভার আয়োজন করা হয়। ডিআরএম অফিসে দেওয়া হয় ডেপুটেশন। এদিন তৃণমূল ট্রেড ইউনিয়নের রাজ্য সভাপতি ঋতব্রত বন্দ্যোপাধ্যায় বলেন, রেল হকারদের উপর আরপিএফ নজিরবিহীন আক্রমণ চালাচ্ছে। তাদের উপর জুলুম চালানো হচ্ছে। রেল দপ্তর, রেল লাইন, স্টেশন সবই কেন্দ্রীয় সরকারের হতে পারে। কিন্তু যেগুলো রয়েছে তা সবই এই রাজ্যের মাটিতে।

রেল রাজ্য সরকারের সঙ্গে আলোচনা না করে একতরফা সিদ্ধান্ত গ্রহণ করেছে। যেভাবে কর্মকাণ্ড চলছে এর প্রতিবাদ করতে হবে। প্রকৃতপক্ষে এই কাজ ঘটানো হচ্ছে যাতে রেলকে বেসরকারিকরণ করা যায়। উল্লেখ্য, রেলওয়ে হকার ও পোর্টারদের উপর আরপিএফের অত্যাচার ও গরীব হকারদের গ্রেপ্তারের প্রতিবাদে হাওড়া জেলা সদর তৃণমূল কংগ্রেস ট্রেড ইউনিয়নের ডাকে বুধবার বিকেলে হাওড়া ডিআরএম অফিসের বিপরীতে ওই প্রতিবাদ সভা ও ডেপুটেশনের আয়োজন করা হয়। ওই প্রতিবাদ সভায় প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন আইএনটিটিইউসি রাজ্য সভাপতি তথা রাজ্যসভার প্রাক্তন সাংসদ ঋতব্রত বন্দ্যোপাধ্যায়, রাজ্যের খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন দপ্তরের মন্ত্রী অরূপ রায়, বিধায়ক গৌতম চৌধুরী, পুরনিগমের মুখ্য প্রশাসক ডা.সুজয় চক্রবর্তী, তৃণমূল যুব কংগ্রেসের সদরের সভাপতি কৈলাশ মিশ্র, আইএনটিটিইউসি নেতা অরবিন্দ দাস, প্রাণকৃষ্ণ মজুমদার, সোমনাথ শর্মা, বলরাম ভট্টাচার্য প্রমুখ।

# প্রধান শিক্ষককে সাসপেন্ড করল পর্ষদ

**নরেন্দ্রপুর-কাণ্ড**

**দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ** বলরামপুর মন্মথনাথ বিদ্যামন্দিরে শিক্ষকদের ওপর হামলার ঘটনায় প্রথম থেকেই অভিযোগ ছিল প্রধান শিক্ষকের বিরুদ্ধে। ঘটনার পরই আদালের নির্দেশ দেয় যাতে প্রধান শিক্ষক ওই স্কুলে প্রবেশ করতে না পারে। এরপর থেকে স্কুলে যাননি তিনি। এবার তাঁকে সাসপেন্ড করল মধ্যশিক্ষা পর্ষদ। প্রধান শিক্ষক সৈয়দ ইমতিয়াজ আহমেদকে সাসপেন্ড করা হয়েছে। মনে করা হচ্ছে, বিচারপতির কড়া নির্দেশ ও পর্যবেক্ষণের কথা মাথায় রেখে তদন্ত চলাকালীন প্রধান শিক্ষক পদ থেকে সাসপেন্ড করার সিদ্ধান্ত নিয়েছে পর্ষদ। বদলে দেওয়া হল মাধ্যমিকের সেন্টার-ইন-চার্জকেও। এর আগে অভিযোগের ভিত্তিতে ডিআই-এর দেওয়া রিপোর্টকে মান্যতা দিয়ে প্রধান শিক্ষককে শোকজ করেছিল বোর্ড। তাঁকে স্কুলে প্রবেশ করতে দেওয়া হচ্ছিল না। প্রধান শিক্ষকের অনুপস্থিতিতে মাধ্যমিক পরীক্ষার জন্য কে সুপারভাইজার হবেন, সেই প্রশ্ন উঠেছিল। মধ্যশিক্ষা পর্ষদ মঙ্গলবারই হাইকোর্টে জানিয়ে দেয়, স্কুলের শিক্ষক শিবনাথ চাটুইকে সুপারভাইজার হিসেবে নিযুক্ত করা হবে। গত সপ্তাহে নরেন্দ্রপুরের ওই স্কুলে আচমকা হামলার ঘটনা ঘটে। অভিযোগ বহিরাগত কিছু লোকজন স্কুলে ঢুকে হামলা চালায়। ওই স্কুলের প্রধান শিক্ষকের বিরুদ্ধে অনেক দিন ধরেই দুর্নীতির অভিযোগ সামনে এসেছিল। আর হামলার পর নতুন করে অভিযোগ সামনে আসে। এই মামলায় বিচারপতি বিশ্বজিৎ বসুর পর্যবেক্ষণ ছিল, প্রধান শিক্ষক ছাড়াও আরও কেউ থাকতে পারেন এই ঘটনার পিছনে।

# বৃষ্টির আশঙ্কায় দুশ্চিন্তায় আলু চাষিরা

**বনস্পতি দে, হুগলি, ৩১ জানুয়ারিঃ** বৃষ্টির আশঙ্কায় দুশ্চিন্তায় হুগলির আলু চাষিরা। আবহাওয়ার পূর্বাভাস অনুযায়ী, বৃষ্টি হচ্ছে রাজ্যে। হুগলিতে মঙ্গলবার ১২.৫৩ মিলিমিটার বৃষ্টি হয়েছে। আরও তিনদিন হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে।আর তাতেই আশঙ্কার মেঘ তৈরি হয়েছে আলু চাষে। জমিতে জল জমে যাওয়ায় পাম্প চালিয়ে জল বের করছেন চাষিরা। ডিসেম্বরের বৃষ্টিতে আলু চাষ কিছুটা পিছিয়ে যায়। হুগলি জেলায় গত বছর যেখানে আলু চাষ হয়েছিল ৯০ হাজার হেক্টর জমিতে।এবার এলাকা কিছুটা কমে হয়েছে ৮৬ হাজার ২২২ হেক্টর জমিতে। রাজ্যে ৪ লক্ষ ৬০ হাজার হেক্টর জমিতে আলু চাষ হয়।হুগলি থেকে সব থেকে বেশি আলু উৎপাদন হয়। সেই জেলাতেই আলু চাষে ক্ষতি হতে পারে বলে মনে করছেন চাষিরা। যে জমিতে আলু গাছ বড় হয়েছে সেই জমির আলু ক্ষতির আশঙ্কা কম। কিন্তু যে জমিতে গাছ এখনও ছোটো সেই জমিতে জল জমে ক্ষতির সম্ভাবনা রয়েছে বলে মনে করছেন চাষিরা।পাণ্ডুয়া,মগরা,পোলবা, ধনিয়াখালি,সিঙ্গুর ও চণ্ডীতলায় ভাল বৃষ্টি হওয়ায় আলু জমিতে জল জমেছে। চাষিরা পাম্প চালিয়ে জমি থেকে জল বের করছে। পাণ্ডুয়ার আলু চাষিদের বক্তব্য, জমিতে জল জমে আলু নষ্ট হয়ে যেতে পারে। আবহাওয়া এরকম থাকলে আলু বাঁচানো যাবে না। রোদ না উঠলে রোগ পোকার আক্রমণ হবে। আগের বৃষ্টির জন্য দুবার চাষ করতে হয়েছে। ফলন মার খেলে ক্ষতি হবে। চাষিরা আশঙ্কায় থাকলেও খনার বচন ফলবে এই আশায় রয়েছে কৃষি দফতর। হুগলি জেলা কৃষি অতিরিক্ত অধিকর্তা প্রিয়লাল মৃধা বলেন, ''মাঘ মাসের শেষে বৃষ্টি হলে তা চাষের পক্ষে ভাল। তবে আলুর ক্ষতি হবে কিনা তা এখনই স্পষ্ট নয়। রোগ পোকার আক্রমণ হচ্ছে কিনা সমস্যা আছে কিনা তা দেখছেন কৃষি আধিকারিকরা।চাষিরা জানে কী করতে হবে। তাঁর বক্তব্য, আলু ছাড়া অন্য সব চাষে উপকারই হবে এই বৃষ্টি। আলুর ফলন যেমন হয়, তেমনই হবে বলে মনে করছে কৃষি দফতর। চাষিদের এখনই আশঙ্কিত না হওয়ার কথা বলছে কৃষি দফতর।

**হুগলি**


## রামেশ্বরা জুট মিলস লিমিটেড

সিআইএনঃ এল১৭১১৯ডব্লুবি১৯৩৫সিএলসি০৪৬১১১
রেজিস্টার্ড অফিসঃ ৯/১, আর.এন. মুখার্জি রোড, কলকাতা-৭০০০০১
টেলিফোন নম্বরঃ ০৩৩-২২৬২ ৪৪১৩ (এক্সটেনশন ৮৬০)
ই-মেইলঃ rjm.ho@rjm.co.in; ওয়েবসাইটঃ www.rameshwarajute.com

**ত্রৈমাসিক এবং নয় মাসের জন্য অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবৃতির নির্যাস ৩১.১২.২০২৩ তারিখে শেষ হয়েছে। ৩১.০১.২০২৪ তারিখে পরিচালনা পর্ষদ দ্বারা অনুমোদিত।**

(সমস্ত পরিমাণ লাখে, যদি না অন্যথায় বলা হয়)

| ক্রম নং | বিবরণী | ত্রৈমাসিক সমাপ্তি ৩১.১২.২০২৩ (অনিরীক্ষিত) | পূর্বের ত্রৈমাসিক সমাপ্তি ৩০.০৯.২০২৩ (অনিরীক্ষিত) | অনুরূপ তিন মাস শেষ গত বছর ৩১.১২.২০২২-এর মধ্যে (অনিরীক্ষিত) | চলতি বছরের ৩১.১২.২০২৩ সালে নয় মাস শেষ হয়েছে (অনিরীক্ষিত) | অনুরূপ নয় মাস আগের বছরের ৩১.১২.২০২২ শেষ হয়েছে (অনিরীক্ষিত) | বছরের শুরু থেকে আজকের দিন পর্যন্ত পরিসংখ্যান মেয়াদ শেষ ৩১.০৩.২০২৩ (নিরীক্ষিত) |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | অপারেশন থেকে মোট আয় (নেট) | ৩.২৯ | ১৫.০৪ | ৩.৫৪ | ২১.১৮ | ২১.৩৬ | ৩৩.৫৮ |
| ২. | সময়ের জন্য নিট লাভ / (ক্ষতি) (করের আগে, ব্যতিক্রমী এবং / অথবা অসাধারণ আইটেম) | (৭৭.৩৬) | (১১০.৪৮) | (১০৪.৬২) | (২৩৮.৫৮) | (২১৬.২০) | (২৩৪.৯৮) |
| ৩. | নিট লাভ / (লোকসান) ট্যাক্সের আগে সময়ের জন্য (অসাধারণ এবং / অথবা অসাধারণ আইটেমগুলির পরে) | (৭৭.৩৬) | (১১০.৪৮) | (১০৪.৬২) | (২৩৮.৫৮) | (২১৬.২০) | (২৩৪.৯৮) |
| ৪. | শুদ্ধ লাভ / (লোকসান) ট্যাক্সের পরে (অসাধারণ এবং/অথবা অসাধারণ আইটেমগুলির পরে) | (৭৭.৩৬) | (১১০.৪৮) | (১০৪.৬২) | (২৩৮.৫৮) | (২১৬.২০) | (১৮৪.৪৩) |
| ৫. | সময়ের জন্য মোট ব্যাপক আয় বিস্তৃত লাভ এবং (লোকসান) সময়ের জন্য (কর পরে) এবং অন্যান্য ব্যাপক আয় (কর পরে) | (৯.৮৩) | (৬৩.০৬) | (১০২.৮০) | (৩.৯৯) | (২৪৬.৫৩) | ৩৯৮.৪১ |
| ৬. | ইক্যুইটি শেয়ার মূলধন | ২৬.৬১ | ২৬.৬১ | ২৬.৬১ | ২৬.৬১ | ২৬.৬১ | ২৬.৬১ |
| ৭. | আগের বছরের নিরীক্ষিত ব্যালেন্স শীটে দেখানো হিসাবে রিজার্ভ (পুনর্মূল্যায়ন রিজার্ভ ব্যতীত) | - | - | - | - | - | ৮,১৬০.৯৬ |
| ৮. | ইক্যুইটি শেয়ার প্রতি আয় (প্রতিটি ১০ টাকা) (বার্ষিক নয়) | | | | | | |
| | ১. মৌলিক | (২৯.০৭) | ৪১.৫২ | (৩৯.৩২) | (৮৯.৬৬) | (৮১.২৫) | (৬৯.৩৩) |
| | ২. মিশ্রিত | (২৯.০৭) | ৪১.৫২ | (৩৯.৩২) | (৮৯.৬৬) | (৮১.২৫) | (৬৯.৩৩) |

মন্তব্যঃ
ক) উপরেরটি এসইবিআই (লিস্টিং বাধ্যবাধকতা এবং প্রকাশের প্রয়োজনীয়তা) রেগুলেশন, ২০১৫ এর অধীনে স্টক এক্সচেঞ্জে দায়ের করা ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিশদ বিন্যাসের একটি নির্যাস। ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সম্পূর্ণ বিন্যাস ওয়েবসাইটে উপলব্ধ কলকাতা স্টক এক্সচেঞ্জের www.cse-india.com এবং কোম্পানির ওয়েবসাইটে http//rameshwarajute.com/quartarly_results.php
খ) কোম্পানি (ভারতীয় অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ড) বিধিমালা, ২০১৫ অনুযায়ী ৩১.১২.২০২৩ তারিখে শেষ হওয়া ত্রৈমাসিক এবং নয় মাসের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবৃতিতে কোনো ব্যতিক্রমী এবং/অথবা অসাধারণ আইটেম সমন্বয় করা হয়নি।

রামেশ্বরা জুট মিলস লিমিটেডের জন্য
স্বাঃ/-
কৃষাণ কুমার চন্দক (ডিরেক্টর)
ডিআইএন -০২৫২৯৫৪০

স্থানঃ কলকাতা
তারিখঃ ৩১.০১.২০২৪


# মারুতির ধাক্কা পথচারীর মৃত্যু

**দুরন্ত বার্তা, কলকাতা, ৩১ জানুয়ারিঃ** বেপরোয়া গতির মারুতির ধাক্কা পথচারীদের, মৃত ১। মঙ্গলবার রাতে হাওড়ার জাতীয় সড়কে ওই দুর্ঘটনা ঘটে। জাতীয় সড়কে নিয়ন্ত্রণহীন ওই মারুতি গাড়ি ধাক্কা মারে পথচারীদের। তারমধ্যে একজনের মৃত্যু হয়। মৃত ব্যক্তি হাওড়ার ঝোড়হাটের বাসিন্দা। নাম দেবেন রুইদাস (৪৪)। পুলিশ জানিয়েছে, ওই ঘটনায় গাড়ির চালক সহ চারজন আশঙ্কাজনক অবস্থায় চিকিৎসাধীন রয়েছেন হাসপাতালে। দুর্ঘটনাটি ঘটে ১৬ নম্বর জাতীয় সড়কে জালান কমপ্লেক্সের কাছে। পথচারীদের রাস্তা পারাপার করার জন্য সিগন্যাল লাল করা হয়েছিল। সেই সময় নিয়ন্ত্রণহীন গতিতে কোলাঘাটের দিক থেকে চলে আসে ওই মারুতি গাড়ি। প্রথমে একটি ডিভাইডারে ধাক্কা মারে গাড়িটি। এরপর একে একে তিনজন পথচারীকে ধাক্কা মেরে দাঁড়িয়ে যায়।


## KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDERS

**ABRIDGED NIT**

The **Executive Engineer (C), BR-V, KMC** invites tender online percentage rate two bid system for the following works:
1. NIT No.: **KMC/EE(C)/Br-V/048/39/2023-2024** Name of work: **Restoration of Paver Block Footpath at 20 College St., 149 R.R. Sarani etc., in Ward No. 48.** Estimated Cost (including GST & CESS): ₹ **1,65,059.58.** Earnest Money: ₹ **3,500.00.** Period of Completion: **30 days.**
2. NIT No.: **KMC/EE(C)/Br-V/049/028/2023-2024** Name of work: **Restoration of IPS Footpath and passages at 18, Baithakkhana Road (2nd Lane), 36, Surya Sen St. etc. in Ward No.-49, Br-V.** Estimated Cost (including GST & CESS): ₹ **2,75,928.66.** Earnest Money: ₹ **6,000.00.** Period of Completion : **45 days.** Last Date and Time of submission of Bid: **10.02.2024 – 11.00 a.m.** (for Sl. No. 1 & 2). Date and Time of opening of Tender: **12.02.2024 – 11.00 a.m.** (for Sl. No. 1 & 2). The bid forms and other details are available on and from **31.01.2024 (5.00 p.m.)** (for Sl. No. 1 & 2). The website **https://etender.wb.nic.in** (for Sl. No. 1 & 2).

The **Executive Engineer (C)/ BR-VII, KMC** invites tender online percentage rate two bid system for the following works:
1. NIT No.: **KMC/EEC/VII/64/34/23-24** Name of work: **Development of Footpath (Cement Concrete Footpath and Channel Work) at both sides of Meher Ali Road in KMC Ward-64.** Estimated Cost (including GST & CESS): ₹ **4,99,610.97.** Earnest Money: ₹ **10,000.00.** Period of Completion : **45 days.**
2. NIT No.: **KMC/EEC/VII/64/35/23-24** Name of work: **Development of Footpath (Cement Concrete Footpath and Channel Work) at 2, Lower Range to 18, Lower Range in KMC Ward-64.** Estimated Cost (including GST & CESS): ₹ **4,99,549.78.** Earnest Money: ₹ **10,000.00.** Period of Completion : **45 days.**
3. NIT No.: **KMC/EEC/VII/57/52/23-24/D** Name of work: **Repairing/Restoration of Passage at Pagladanga (Patrapara) and its surrounding in Ward-57.** Estimated Cost (including GST & CESS): ₹ **2,56,855.70.** Earnest Money: ₹ **5,200.00.** Period of Completion : **30 days.**
4. NIT No.: **KMC/EEC/VII/57/47/23-24/R** Name of work: **Reparing of passage at 19, SS, Dhobi Goli and its surrounding in Ward-57.** Estimated Cost (including GST & CESS): ₹ **2,06,206.15.** Earnest Money: ₹ **4,200.00.** Period of Completion : **30 days.**
5. NIT No.: **KMC/EEC/VII/66/36/23-24/R** Name of work: **Maintenance of Road by providing Hot Mix at East Topsia Rd., Topsia Rd., P.G. Rd., G.J Khan Rd. and surrounding areas disturbed by CESC in Ward-66.** Estimated Cost (including GST & CESS): ₹ **3,89,166.79.** Earnest Money: ₹ **7,800.00.** Period of Completion : **75 days.**
6. NIT No.: **KMC/EEC/VII/64/32/23-24/B** Name of work: **Improvement of Bustee Sewer System at 21/H/5 to 21/H/7, Shamsul Huda Road in Ward-64.** Estimated Cost (including GST & CESS): ₹ **2,88,494.57.** Earnest Money: ₹ **5,800.00.** Period of Completion: **45 days.** Last Date and Time of submission of Bid: **15.02.2024 up to 12.00 noon** (for Sl. No. 1 to 6). Tender will be opened on: **17.02.2024 at 12.00 noon** (for Sl. No. 1 to 6). The bid forms and other details are available on and from **30.01.2024 at (18.55 hrs.)** (for Sl. No. 1 to 6). The website **https://etender.wb.nic.in** (for Sl. No. 1 to 6).

The **Executive Engineer (Civil), Borough-I, KMC** invites tender online percentage rate two bid system for the following works:
1. NIT No.: **KMC/EEC/I/007/45/2023-2024/BUSTEE** Name of work: **Repairing of IPS passages at 7, 1 Bagbazar Street Bustee and other Bustee areas in Ward No-007.** Estimated Cost (including GST & CESS): ₹ **2,98,006.00.** Earnest Money: ₹ **6,000.00.** Period of Completion: **30 days.**
2. NIT No.: **KMC/EEC/I/007/46/2023-2024/BUSTEE** Name of work: **Repairing of Bustee Privies at 14/3, Gallif Street Bustee and other Bustee areas in Ward No.-007.** Estimated Cost (including GST & CESS): ₹ **2,86,094.00.** Earnest Money: ₹ **6,000.00.** Period of Completion : **30 days.** Last Date and Time of submission of Bid: **15.02.2024 (upto 11.00 a.m.)** (for Sl. No. 1 & 2). Tender will be opened on: **17.02.2024 (11.00 a.m.)** (for Sl. No. 1 & 2). The bid forms and other details are available on and from **02.02.2024 at 5.00 p.m.** (for Sl. No. 1 & 2). The website **https://etender.wb.nic.in** (for Sl. No. 1 & 2).

The **Executive Engineer (Civil), Br-XVI, KMC** invites tender online percentage rate two bid system for the following work:
1. NIT No.: **KMC/E.E(C)/Br-XVI/143/052/23-24** Name of work: **Const. of Road with C.Conc. at Vidyasagar Sarani Bye Lane near Pre. No.18/90 in Ward No.-143.** Estimated Cost (including GST & CESS): ₹ **4,52,384.41.** Earnest Money: ₹ **9,100.00.** Period of Completion: **30 days.** Last Date and Time of submission of Bid: **10.02.2024 – 12.00 noon.** Tender will be opened on: **12.02.2024 – 12.00 noon.** The bid forms and other details are available on and from **02.02.2024 (5.00 p.m.)** from the website **https://etender.wb.nic.in.**

1364/23-24


# পশ্চিমবঙ্গ সোসাইটি ফর স্কিল ডেভেলপমেন্ট স্কিমের অন্তর্গত উৎকর্ষ বাংলা প্রশিক্ষণ কেন্দ্রের উদ্বোধন হলো

**মতিয়ার রহমান, উলুবেড়িয়া, ৩১ জানুয়ারিঃ** হাওড়া জেলার শ্যামপুর সিদ্ধেশ্বরী ইন্ডাস্ট্রিয়াল পার্ক অনন্তপুরে পশ্চিমবঙ্গ সোসাইটি ফর স্কিল ডেভেলপমেন্ট স্কিমের অন্তর্গত উৎকর্ষ বাংলা প্রশিক্ষণ কেন্দ্রের উদ্বোধন হলো । শ্যামপুরে হাওড়ার একমাত্র শিল্প প্রতিষ্ঠান সিদ্ধেশ্বরী কটন মিলস যা ২০২৩এ শ্যামপুর সিদ্ধেশ্বরী ইন্ডাস্ট্রিয়াল পার্কের মর্যাদা লাভ করেছে ।

এই পার্ক পশ্চিমবঙ্গ সরকারের অন্যতম জনপ্রিয় যোজনা উৎকর্ষ বাংলার একটি প্রশিক্ষণ কেন্দ্রের অনুমোদন লাভ করেছে। আজ থেকে রাইস মিলিং টেকনিক এর উপর প্রথম ব্যাচের ট্রেনিং শুরু হল । কোর্সে ৩৬ জন স্থানীয় যুবক প্রশিক্ষণপ্রাপ্ত হয়ে তাদের ভবিষ্যৎ সুনিশ্চিত করার জন্য কাজে যোগদান করতে পারবে। এই উদ্বোধনী অনুষ্ঠানে মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাওড়া জেলার অতিরিক্ত জেলাশাসক জিতীন যাদব ।অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন হাওড়া জেলা প্রশিক্ষণ কেন্দ্রের জেনারেল ম্যানেজার অভিজিৎ বন্দ্যোপাধ্যায়, ডিস্ট্রিক্ট প্রজেক্ট ম্যানেজার অরিন্দম মাজী,শ্যামপুরের বিধায়ক কালিপদ মন্ডল, শ্যামপুর দুনম্বর ব্লকের বিডিও সঞ্জু গুহ মজুমদার, হাওড়া জেলা পরিষদের প্রাক্তন কর্মাধ্যক্ষ শ্রীধর মন্ডল সহ আরো অনেক বিশিষ্ট ব্যক্তি। উপস্থিত ছিলেন স্থানীয় স্কুল ও কলেজের বহু উৎসাহী ছাত্র- ছাত্রী অভিভাবক এবং কারখানার কর্মচারীবৃন্দ। বিধায়ক কালিপদ মন্ডল তার বক্তব্যে বলেন এধরনের প্রশিক্ষণ কেন্দ্রে স্থানীয় ছেলে মেয়েরা প্রশিক্ষণপ্রাপ্ত হয়ে ইন্ডাস্ট্রির মধ্যে কাজ করার সুযোগ-সুবিধা পাবেন । এতে এই এলাকার অর্থনৈতিক উন্নতি যেমন ঘটবে, আবার শিক্ষিত ছেলে মেয়েদের বেকারত্ব কম হওয়ার সম্ভাবনা ও রয়েছে ,এ ডি এম এল আর জিতেন যাদব সিদ্ধেশ্বরী কটন মিলস এর কর্ণধার শ্রী নবনীত দুজারী র প্রশংসা করে বলেন এই প্রত্যন্ত গ্রামাঞ্চলে ইন্ডাস্ট্রি চালানো অনেক বড় ব্যাপার ।সেখানে যদি এ ধরনের প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তুলে স্থানীয় যুবক যুবতীদের শিক্ষিত করে তাদের কর্মসংস্থানে সামিল করা যায় তাহলে শিক্ষিত যুবক যুবতীদের যেমন কর্মসংস্থানের সুযোগ তৈরি করা যায় তেমনি উৎসাহী যুবক-যুবতীরা নিজেদের চেষ্টায় স্বরোজগার প্রকল্প তৈরি করতে পারেন। তার জন্য সরকার প্রকল্পের মাধ্যমে জনগণকে সাহায্য করার জন্য সদা তৎপর। এরকম বহু প্রকল্প আছে যা সমস্ত মানুষ জানে না। তার জন্য স্থানীয় ব্লক ডেভেলপমেন্ট আধিকারিক এর কাছে তারা বিশদে জানতে পারেন। আমরা এ ধরনের প্রকল্পের জন্য যেকোনো ইন্ডাস্ট্রিকে সব রকম ভাবে সাহায্য করে থাকি। অভিজিৎ বাবু বলেন শুধুমাত্র যে প্রশিক্ষণ নিয়ে চাকরি করতে হবে তার কোন মানে নেই।

যদি কোন উদ্যোগী ছেলে বা মেয়ে সরকারি ঋণ নিয়ে নিজেদের চেষ্টায় কোন ব্যবসা বা কোন প্রতিষ্ঠান তৈরি করতে চান তার জন্যেও এই প্রকল্পের মাধ্যমে সুযোগ গ্রহণ করতে পারেন, এবং রাজ্য সরকার ভবিষ্য ক্রেডিট কার্ড চালু করেছেন।তিনি বলেন যদি এ ধরনের প্রশিক্ষণ নেওয়ার পর কোন প্রার্থী লোনের জন্য দরখাস্ত করেন তাহলে সরকার ৫ লাখ পর্যন্ত লোন দিতে পারে।

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব
# দুরন্ত বার্তা
২৯ বর্ষ, দৈনিক ৬২ সংখ্যা, বৃহস্পতিবার, ১৭ মাঘ ১৪৩০

## ‘একলা চলো রে’-তৃণমূল

তৃণমূল কংগ্রেস বাংলাকে কারোর হাতে ছাড়তে চাইছে না। তার একটি মাত্র কারণ হচ্ছে বাংলাই হচ্ছে তৃণমূলের জীয়ন কাছি। সেই কারণে কারোর হাতে বাংলাকে দেওয়ার পক্ষপাতি নয় তৃণমূল কংগ্রেস। তৃণমূল কংগ্রেসের লক্ষ্য হল বাংলা থেকে অধিক আসন নিয়ে সংসদে তাদের লড়াইকে জিইয়ে রাখা। যার জন্য আগে থেকে নেত্রী মমতা বলে রেখেছেন যে দুই থেকে তিনটি আসন কংগ্রেসকে দেওয়া যেতে পারে। তার বেশি নয়। এদিকে কংগ্রেস বলতে শুরু করে দিয়েছিল তাদেরকে পাঁচ ছয়টি আসন দিতে হবে। নেত্রী মমতা তাতে রাজি নন। তিনি এখন বলতে শুরু করে দিয়েছেন যে তৃণমূল কংগ্রেস কারোর সঙ্গে জোট করবে না। জোট ইণ্ডিয়ার প্রভাব বাংলা পড়বে না। আগে আসন সমঝোতা নিয়ে তৃণমূল কংগ্রেস এগিয়ে গিয়েছিল জোট ইণ্ডিয়ার বৈঠকে। সেখানে তৃণমূল কংগ্রেসের বাংলার দিকে বেশি করে নজর দিতে শুরু করে জোট ইণ্ডিয়া সদস্যরা। তার ফলে নেত্রী পরিস্কার করে বলে দিয়েছেন বাংলায় সিপিএম এবং কংগ্রেসের সঙ্গে কোন জোট করতে চায় না তৃণমূল। লোসভার নির্বাচনে তৃণমূলের একক লড়ই করার মতো যথেষ্ট শক্তি রয়েছে। কংগ্রেস দলের প্রতি তাঁর খানিকটা সহানুভূতি ছিল। সেই কারণে তিনি কংগ্রেস দলকে দুই তিনটি আসান ছাড়তে রাজি হয়েছিলেন। কিন্তু কংগ্রেস বলতে শুরু করে দিয়েছে তারা কারোর দয়াকে লোকসভার নির্বাচন অংশ গ্রহণ করবে না। কংগ্রেস তাদের ক্ষমতাকে সঙ্গে নিয়ে লড়াই করবে। তৃণমূল বিরোধী সিপিএম দলকে সঙ্গে নিয়ে জোট করবে কংগ্রেস। আসন সমঝোতা যদি করতে হয় তাহলে বাংলায় সিপিএম দলের সঙ্গে জোট করবে। এদিকে কেরলে দেখতে পাওয়া যাচ্ছে যে সেখানে কংগ্রেসের সঙ্গে সিপিএম দলের কোনও জোট হচ্ছে না। সিপিএম দল একক শক্তি নিয়ে সেখানে লড়াই করবে। তবে কংগ্রেস সেখানে প্রধান বিরোধী দল হলেও বিজেপি এবারে কেরলে প্রবেশ করার জন্য অপেক্ষা করে রয়েছে। এবারে লোকসভার নির্বাচনে কেরলে ত্রিমুখী লড়াই হওয়ার সম্ভাবনা দেখা দিতে শুরু করেছে। বিজেপিদল এখন কেরলের রাজনীতিতে প্রশে করার ফাঁক খুঁজে বের করার চেষ্টা করছে। এরপর রয়েছে তামিলনাড়ু। তামিলনাড়ুতে বিজেপি দল যে প্রবেশ করবে এবং সেখানকার আঞ্চলিক দলগুলির ওপরে চাপ সৃষ্টি করবে তার কৌশল গ্রহণ করতে শুরু করে দিয়েছেন স্বয়ং অমিত শাহ এবং নরেন্দ্র মোদি। দক্ষিণ ভারতে খাতা খোলার চেষ্টা করতে শুরু করে দিয়েছে বিজেপি দল। তার কারণ এবরে বিজেপি দলের লক্ষ্য হচ্ছে চারশো আসন পাওয়া। সেই কারণে বিহারের রাজনীতির মোড় ঘুরিয়ে দিল। বিহারে বিজেপি হাওয়ার আবার ফিরে এসেছে। নীতীশ কুমারই তা ফিরিয়ে নিয়ে এসেছেন। বিহারের বিজেপি দলের অধিকার স্থাপন হওয়ার ফলে বাংলার রাজনীতিতে চাপ বৃদ্ধি পেতে শুরু করেছে। যার ফলে তৃণূল কংগ্রেস এখন কাউকে বিশ্বাস করছে না। যদিও কংগ্রেস এখনও পর্যন্ত বিজেপি বিরোধিতায় রয়েছে। ভারত জোড়ো ন্যায় যাত্রা বিজেপি বিরোধী পদযাত্রা এবং কংগ্রেসের অনুকূলে নিয়ে আসার কৌশল। কংগ্রেস দলেক চাঙ্গা করতে রাহুল একন এই ধরনের সর্বভারতীয় অভিযান করে চলবে। এর আগে তিনি ভারত জাড়ো পদযাত্রা শুরু করেছিলেন। এবারে সেই একই রকমভাবে পূর্ব ভারত থেকে শুরু করে পশ্চিম ভারত এবং অন্যান্য স্থানে ন্যায় যাত্রা উপস্থিত হবে। কং গ্রেসের ভাব মূর্তিক ফিরিয়ে নিয়ে আসার ব্যাপারে রাহুল যথেষ্ট কৌশলী বলা যেতে পারে। এদিকে নেত্রী মমতা রাহুলের ন্যায় যাত্রা স্থানে উপস্থিত হয়ে তৃণমূলের রাজনৈতিক হাওয়াকে বজায় রাখার জন্য পরিক্রমা করতে শুরু করে দিয়েছেন। তার ফলে দেখতে পাওয়া গেল যে কংগ্রেসকে একটি ইঞ্চি জমিও নেত্রী ছেড়ে দিতে রাজি নন। তিনি কংগ্রেসের সঙ্গে কোনও রকম সম্পর্ক বা জোট করতে ইচ্ছুক নন।

## ভারত চিন পাকিস্তান

ভারত যেভাবে পাকিস্তানকে কোনঠাসা করে দিয়েছে তাতে পাকিস্তান আর কোনও সময়ে কাউকে কাশ্মীরের ব্যাপারে জড়াতে চাইবে না। পাকিস্তান বুঝে গিয়েছে ভারত কাশ্মীরের ব্যাপারে কারোর কোনও কথা শুনতে রাজি না। রাষ্ট্রপুঞ্জে অন্যান্য রাষ্ট্র নেতারা চেষ্টা করেছিল ভারত পাকিস্তান বৈঠক হোক কাশ্মীর নিয়ে। কিন্তু ভারত কাশ্মীর ছাড়া পাকিস্তানের সঙ্গে বৈঠক করতে রাজি ছিল। কিন্তু পাকিস্তান কাশ্মীর ছাড়া ভারতের সঙ্গে আর কোনও বিষয়ে আলোচনা করতে আগ্রহী নয় সেটা স্পষ্ট হয়ে গিয়েছে। ফলে চিন আর আগ বাড়িয়ে কাশ্মীর নিয়ে কোনও কথা বলবে না। তবে চিন অধিকৃত কাশ্মীরের ভবিষ্যত নিয়ে ভারতের সঙ্গে আলোচনা করতে পারে। ভারত চিনকে এ ব্যাপারে কি বলে সেটাই হচ্ছে কয়েক লক্ষ টাকার প্রশ্ন। বহুবার চিনকে ভারত বলেছিল কাশ্মীর ভারতে অংশ। আর্থিক করিডর ত্যাগ করে চিন চলে যাক। কিন্তু চিন সেই কথাকে একেবারে মান্য করেনি। উপরন্তু চিন সেখানে সেনা বৃদ্ধি করেছে। ব্যবসা বাণিজ্য করতে শুরু করেছে। এদিকে চিনা পণ্য কিনতে ভারতের ব্যবসায়িক গোষ্ঠীন নারাজ। তার একটি মাত্র কারণ হচ্ছে চিনা পণ্যের কোনও স্থায়িত্ব নেই। চিন পণ্য বেশি দিন না টেকার ফলে বাজারের এর গুরুত্ব হারিয়ে গিয়েছে। চিনা পণ্য এখন খেলনায় পরিণত হয়েছে। ইউরোপের বাজার বহুকাল আগেই হারিয়েছে চিন। তার ওপরে ভারতের বাজার হারাতে বসেছে। এইভাবে চন পণ্য যদি বয়কট হতে শুরু করে তাহলে এক সময় চিন ব্যবসা বাণিজ্য ঠিক মতো করতে পারবে না। রাজনৈতিক অস্থিরতা রয়েছে চিনে।

## শ্রীশ্রী অনুকূল ঠাকুর



শ্রীশ্রী অনুকূল ঠাকুর বলেন যে জাগরিত করতে হবে মানবশক্তি। শুধু নিজেকেই শক্তিধারক বা বাহক করলে চলবে না। সবাইকে শক্তিশালী করার দায়িত্ব গ্রহণ করতে হবে। সবাইকে সুদ্ধাচারে থাকতে হবে। না হলে দেশটা একেবারে পঙ্কিল হয়ে যাবে। শুভ্রতার প্রতীক হতে হবে। জ্ঞান অর্জন করতে হবে। শিক্ষা গ্রহণ করতে হবে। সৎ শিক্ষা গ্রহণ করলে তার একটি মূল্য আছে। জীবন কোনও সময়ে কঠিন হয়ে উঠবে না যদি সেবা ধর্ম পালন করা যায়। সেবাই হচ্ছে পরম ধর্ম। তার মতো আর কোনও ধর্ম নেই।

## সাধক বামাক্ষ্যাপা

তারাপীঠের কালী মন্দির বন্ধ থাকলেও কয়েকদিন ধরে তারাপীঠে ভক্তদের ভিড় হতে শুরু করে দিয়েছে। সাধক বামাক্ষ্যাপার সাধনার স্থান হচ্ছে তারাপীঠ। বামাক্ষ্যাপা বলতেন, নারী জাতিতে সম্মানে রাখলে একটি সমাজ সুস্থ এবং স্বাভাবিক থাকে। স্ত্রী জাতি কাউকে দোষরোপ করে না। স্ত্রীজাতি কাউকে ঘৃনা করতে শেখায় না। মা কালী স্বয়ং নারীরূপী ভগবান। তিনি ভয়ঙ্করী হলেও তিনি সৃষ্টি কর্ত্রী। তিনি এই বিশ্বের ধারক এবং বাহক। তারাপীঠের মা হচ্ছেন জ্ঞান চক্ষু দানকারী। তিনি জ্ঞান চক্ষু দিয়ে থাকেন। জগতকে চেনাতে শেখান। তিনি আছেন বলেই তার সন্তানরা শক্তিশালী এবং বলবান হয়ে থাকেন। মা তার সন্তানদের জ্ঞান চক্ষু দান করে থাকেন। মা হচ্ছেন সর্বশক্তির অধিকারিনী। তিনি শক্তি দিয়ে থাকেন।

# অরবিন্দের বিপ্লবী, গান্ধিজির অহিংসা আন্দোলন অখণ্ড স্বাধীন ভারত তৈরি হয়েছিল কি?

**রবীন্দ্র কুমার শীল**

বৈদিক যুগ থেকেই ভারত অহিংসা এবং শান্তির দিকে ঝুঁকে পড়তে শুরু করে দিয়েছিল। রামায়ণ মহাকাব্যে কোথাও দেখতে পাওয়া যায় যে যারা নিরস্ত্র তাদের ওপরে অস্ত্রধারী ইচ্ছাকৃতভাবে আক্রমণ করেছে না। দেখতে পাওয়া যায় যারা নিরস্ত্র তাদেরকে রক্ষা করতে এগিয়ে এসেছে অস্ত্রধারীরা। বিনা কারণে রক্তপাত নয়। রক্তপাত মুক্তি লাভের সহজ উপায় না। মুক্তি লাভের সহজ উপায় হল অহিংসা এবং সত্যাগ্রহ। সত্যাগ্রহ এবং অহিংসা খুবই শক্তিশালী গণআন্দোলনে পরিণত হতে পেরেছিল গান্ধিজির হস্তক্ষেপে। আসলে তখন ভারতরে বিভিন্ন প্রান্তে বিপ্লবী আন্দোলন ক্রমশ বিস্তার লাভ করতে শুরু করে দিয়েছে। সেখানে বিপ্লবীরা অবার আধ্যাত্মিক বিপ্লবী চেতনাকে প্রাধান্য দিতে শুরু করে দিয়েছিল। বিপ্লবী অরবিন্দ এই আধ্যাত্মিক বিপ্লবের রূপরেখা তৈরি করে ছিলেন। যদিও সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ‘আনন্দ মঠ’ উপন্যাসে সেই বিপ্লবী আধ্যাত্মিক আন্দোলনের ক্ষেত্র প্রস্তুত করে দিয়েছিলেন। ‘বন্দেমাতরম’ সঙ্গীতই হচ্ছে সেই আধ্যাত্মিক বিপ্লবের মূল মন্ত্র। সেই মন্ত্র ধরেই পরবর্তীকালে বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনে সারা বাংলা জুড়ে বিস্তৃত লাভ করতে সক্ষম হয়েছিল। ১৯০৫ সালের বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন সম্পূর্ণ অহিংসা আন্দোলন। সত্যাগ্রহকে সেই সময়ে বেশি করে গণ আন্দোলনে পরিণত করা হয়েছিল। আন্দোলনকারীদের মধ্যে কোনও বিভেদ ছিল না বলেই ব্রিটিশ রাজ শক্তি কম্পিত হয়েছিল। যার ফলে দেখতে পাওয়া গেল ১৯১১ সালে বঙ্গ ভাগ থমকে গেল এবং ১৯১২ সালে কলকাতা থেকে দিল্লিতে গিয়ে ভারতের রাজধানি উপস্থিত হল। সেই সময়ে শুধু মাত্র অরবিন্দের আন্দোলন মাথা চাড়া দিতে পেরেছিল। সেই বিপ্লবী আন্দোলনকে একেবারে দমন করে দেওয়ার পরিকল্পনা গ্রহণ করে আলিপুর জেল ভর্তি করে দিয়েছিল অভিযুক্তদের গ্রেফতার করে। মজঃফফরপুরের কিংসফোর্ড হত্যার পরিকল্পনা এবং মানিকতলার মুরারি পুকুর বোমা কারখানার মামলায় ইংরেজ সরকার সত্যিই ভীত হয়ে পড়েছিল। আলিপুর বোমা মামলা এক বছর ধরে চলেছিল। সেখানে বারীন্দ্রকুমার ঘোষ এবং উল্লাসকর দত্তকে ফাঁসির সাজা দেওয়া হয়েছিল। পরে ফাঁসি হয়নি। তাঁদের আন্দামানে দ্বীপান্তর কারাবাসের সাজা হয়েছিল। যে ইংরেজ শক্তি নবাব সিরাজদৌল্লা থেকে শুরু করে ফরাসি ডাচদের পরাস্ত করে ভারত দখল নিতে পেরেছিল ব্রিটিশরা। তারা একটি সশস্ত্র বিপ্লবী আন্দোলনের ভয়ে কলকাতা থেকে দিল্লিতে রাজধানি নিয়ে চলে গেল তার বিলাতি কৌশল দেখতে পাওয়া গিয়েছে ইংরেজ প্রশাসকদের হাতের তালুতে বন্দি অবস্থায় ছিল। ইংরেজরা সিদ্ধান্ত গ্রহণ করেই নিয়েছিল যে ভারতকে তারা স্বাধীনতা দেবে না। ভারতকে স্বাধীনতা দিতে গেলে দক্ষিণ এশিয়ার ওপরে ইংরেজ তাদের কর্তৃত্বকে হারাতে থাকবে। পরবর্তীকালে সেটাই দেখতে পাওয়া গেল। চার্চিল ব্রিটিশ প্রধানমন্ত্রী থাকলে ভারত একটি স্বাধীন গণতান্ত্রিক রাষ্ট্রে পরিণত হতে পারতো কিনা তা নিয়ে রাজনৈতিক বিশেষজ্ঞরা মতামত প্রকাশ করে থাকেন। আসলে দ্বিতীয় বিশ্ব যুদ্ধ, আজাদ হিন্দ বাহিনী, নাৎসী বাহিনী, মিত্র শক্তি সব মিলিয়ে একটি জটিল জগাখিচুড়ি পাকিয়ে গিয়েছিল। সেখান থেকে উদ্ধার পেতে গিয়ে ইংরেজ সরকার বাধ্য হয়ে তাদের হাতে থাকা উপনিবেশগুলিকে স্বাধীনতা দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করে। ব্রিটিশ রাজশক্তি নিজেদের ব্যবসায়িক স্বার্থকে বজায় রাখতে কমনওয়েলথকে অধীনে রেখে ভারত সহ প্রায় বেশির ভাগ দেশকে স্বাধীনতা দিল। কমনওয়েলথ অন্তর্ভুক্ত এখনও ভারত। ভারত ভাগের রাজনীতি করতে গিয়ে দেখা গেল কারোর লাভ হল না। না লাভ করতে পেরেছে না পাকিস্তান, না বর্মা, না শ্রীলঙ্কা। কারোর লাভ হল না। সবাই ছিন্ন বিচ্ছিন্ন হয়ে থাকলো। মাথা তুলে দাঁড়ানোর শক্তি হারালো। অখণ্ড ভারত যদি স্বাধীনতা লাভ করতে তাহলে গর্বের সঙ্গে বলা যেত যে ভারত বিশ্বের অন্যতম সেরা শক্তিকে পরিণত। চিন রাশিয়া এবং আমেরিকার মতো শক্তিশালী দেশে পরিণত হতো অখণ্ড স্বাধীন ভারত। কিন্তু লোভে পাপ আর পাপে মৃত্যু। সেই দশা হল সবার। এটাই চাইছিল সাম্রাজ্যবাদী শক্তি। আমরা তাদের পাতা ফাঁদে গিলোটিনে মাথা দিয়ে গলা থেকে ধরকে বাদ করে দিয়ে বিছিন্ন হতে থাকলো। তার আর জোড়া লাগাতে পারা গেল না। এখনও সীমান্ত নিয়ে ভারত, পাকিস্তান, চিন, নেপাল, বর্মা ভুটান মন কষাকষি চলছে। তা কেউই আর থামাতে পারছে না। পাকিস্তান আর্থিক দিক দিয়ে ধুঁকতে শুরু করে দিয়েছে। ভারত আর্থিক দিক দিয়ে



শক্তিশালী হওয়ার চেষ্টা করছে। বাংলাদেশ ক্রমশ উন্নতি পথ ধরে এগিয়ে চলতে শুরু করেছে। গোটা দক্ষিণ এশিয়ার আর্থিক অবস্থা মোটের ওপরে ভালো। রাজনৈতিক অস্থিরতা থেকে উৎপত্তি হতে শুরু করে দিয়েছে আর্থিক অস্থিরতা। এই আর্থিক অস্থিরতাই খণ্ডিত ভারতের আর্থিক কাঠামোর ওপরে আঘাত দিতে শুরু করে দিয়েছে। সেই দিকে নজর দেওয়ার দিকে ক্রমশ পা ফেলতে শুরু করে দিয়েছে বর্তমানে ভারত সরকার। কিন্তু তা প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম। আরও জোরদার আর্থিক অগ্রসর হওয়ার খুবই প্রয়োজন রয়েছে। যে হারে জনসংখ্যা বৃদ্ধি পেতে শুরু করে দিয়েছে সেই হারে আর্থিক উন্নতি হচ্ছে না। যার ফলে আর্থিক ব্যালান্স তৈরি করতে সময় বেশি লেগে যাচ্ছে। ভারতের পাশেই রয়েছে রাশিয়া। বড় দেশ। কিন্তু তার আর্থিক ভারসাম্য ক্রমশ হারাতে শুরু করে দিয়েছে। এদিকে পাকিস্তান ইসলামিক রাষ্ট্র হয়েও ইরানের সঙ্গে বিরোধ। ইরাক. ইরন এবং তুরস্ক একই সরল রেখায় নিজেদের মৈত্রীকে সুদৃঢ় করতে পারছে না। ইজরায়েলের মতো একটি ছোট দেশের কাছে বারবার পরাস্ত হতে হচ্ছে। নাজেহাল হতে হচ্ছে। আসলে ইজরায়েল বিজ্ঞানের ওপরে দাঁড়িয়ে রয়েছে। বিজ্ঞানই ইজরায়েলকে দাঁড়াতে সাহায্য করছে যা তেল বিক্রি হওয়ার আয় থেকেও সহস্র গুণ শক্তি ধরে। রাশিয়া এখন তেল বিক্রি করে দেশের আর্থিক অভাবকে সামাল দিচ্ছে। এক সময়ে বিজ্ঞান রাশিয়াকে উন্নতি করতে সাহায্য করেছিল। সেই বিজ্ঞানকে অবহেলা করার ফলে রাশিয়াকে বাঁচতে হচ্ছে জ্বালানি বিক্রি করার আয় থেকে। রাশিয়া ইউক্রেনের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে ফেঁসে গিয়েছে। সেখান থেকে বের হত পারছে না। ইজরায়েল নিজস্ব শক্তির ওপরে ভরসা করে। তাদের যে শক্তি রয়েছে তা দিয়ে এক মাস ধরে অবিশ্রান্ত যুদ্ধ চালিয়ে যাওয়ার মতো রসদ তৈরি করে নিয়েছে। উন্নত সামরিক প্রযুক্তি ব্যবহার করে লোক সেনার সংখ্যা ক্রমশ কমাতে শুরু করে দিয়েছে ইজরায়েল। রোবট যুদ্ধ কাকে বলে সেটা ইজরায়েল দেখিয়ে দিল। সেই কারণে বিশ্বের শাক্তিশালী দেশগুলি চুপ করে গিয়েছে। কারোর মুখ গিয়ে কথা বের হচ্ছে না। প্যালেস্টাইন দেশকে অস্বীকার করতে শুরু করে দিয়েছে ইজরায়েল। গাজা অঞ্চল তাদের নিয়ন্ত্রণে রয়েছে। হামাসের সঙ্গে কেউই কোনও রকম সম্পর্ক রাখতে নারাজ হচ্ছে। ইজরায়েলের প্রতিরক্ষা মন্ত্রী বলেছেন তারা গাজা অধিকার করে নিয়ে পৃথিবীর মানচিত্র একেবারে বদলে দেবে। সেই পথ ধরে এগিয়ে চলতে শুরু করে দিয়েছে। ইজরায়েলকে তুরস্ক, কাতার, ইরাক, ইরান, মিশর কেউই ঘটাতে সাহস করছে না। ভারত এই রকম শক্তির আধার হতো যদি অখণ্ড ভারত নির্মাণ করা সম্ভব হতো। ভারত থেকে চলে গেল শ্রীলঙ্কা, ভুটান, বাংলাদেশ, নেপাল, বর্মা, আফগানিস্তান। যদিও আফগানিস্তান ইংরেজ শাসনের মধ্যে ছিল। আফগানদের সঙ্গে ভারতের সম্পর্ক নিবিড় ছিল। সীমান্ত বিরোধ ছিল না। সীমান্ত উন্মুক্ত ছিল। সীমান্তে কাঁটা তার দিলেও দেখত পাওয়া গিয়েছে আর্থিক দিক দিয়ে এবং মানসিক দিক দিয়ে ক্রমশ দুর্বল হতে থাকে রাষ্ট্রগুলি। মানসিক লেনদেনও আর্থিক দিকের শক্তিশালী মাধ্যম। যে রাষ্ট্রের সঙ্গে সীমান্ত বিরোধ নেই, অতি সহজে প্রবেশাধিকার থাকে, এমন দুই দেশের নাগরিকদের মধ্যে দেখতে পাওয়া গিয়েছে যে তারা আর্থিক দিক দিয়ে বিশেষ করে ব্যবসায়িক দিক দিয়ে অতি শক্তিশালী। রাষ্ট্রীয় বিধি নিষেধের বাইরে উভয় রাষ্ট্রে নাগরিকেরা সম্পদশালী হয়ে থাকে। এই সম্পদ সৃষ্টি হয় উভয় দেশের মেলবন্ধন এবং ঐক্যের ওপরে ভিত্তি করে। গান্ধিজি অহিংসা এবং সত্যাগ্রহ আন্দোলনের প্রবক্তা ছিলেন তার একটি মাত্র কারণ হচ্ছে সম্পদকে ধ্বংস করা নয়, সম্পদকে রক্ষা করাই ছিল তাঁর লক্ষ্য। গান্ধিজির রাম দর্শন মানেই হল মনন দর্শন। রাম প্রয়োজনে অস্ত্র ব্যবহার করেছে। ভারতের জাতীয় আন্দোলন দিয়ে স্বাধীনতা লাভ করার মধ্যে অস্ত্র ব্যবহার করার ব্যাপারে গান্ধিজি মত দিতে নারাজ ছিলেন। কিন্তু জালিওয়ানওয়ালা বাগ হত্যাকাণ্ড গান্ধিজির অহিংসা এবং সত্যাগ্রহ আন্দোলন থেকে মানুষ ক্রমশ দূরে সরে থাকতে চাচ্ছিল। সেই সময়ে বলতে গেলে অনেকেই গান্ধিজির প্রদর্শিত পথকে পরিহার করতে শুরু করে দিয়েছিল। তবুও গান্ধিজি তাঁর সিদ্ধান্তে অটল ছিলেন। কবিগুরুর সঙ্গীত ‘যদি তোর ডাক শুনে কেউ না আসে তবে একলা চলো রে’ গান্ধিজিকে আন্দোলন চালিয়ে যাওয়ার প্রেরণা দান করেছিল এটা আর বলার অপেক্ষা রাখে না। রাষ্ট্রীয় সম্পদকে রক্ষা করে জাতীয় আন্দোলনের মাধ্যমে দেশের স্বাধীনতা নিয়ে আসতে হবে এই মতে বিশ্বাসী ছিলেন গান্ধিজি। সুভাষ চন্দ্র বোস দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের মৃত্যুর পর তিনি রাস বিহারী বোসের দিকে দৃষ্টিপাত করতে থাকেন। গান্ধিজির পথ ধরে ভারতে আন্দোলনকে চলিয়ে যাওয়ার মতো মানসিক প্রস্তুতি থেকে নিজেকে বের করে নিয়ে এসে জার্মান গিয়ে উপস্থিত হলেন সুভাষ চন্দ্র বোস। যার ফলে দেখতে পাওয়া গেল জাপানের সাহায্য গ্রহণ করে আজাদ হিন্দ বাহিনীর ভারতের ভূখণ্ড অধিকার। জার্মান জাপান এক। এদিকে জার্মানদের কাছে ফ্রান্স পরাস্ত, অস্ট্রিয়া শক্তিহীন, পোলাণ্ড হেরে গিয়েছে। পড়ে রয়েছে ব্রিটেন একা। মস্কোতে হিটলার বাহিনী প্রবেশ করে গিয়েছে। তখনই ব্রিটেন প্রয়োজন বোধ করলো একটি শক্তির। সেই শক্তির জোগান দিল ব্রিটেনকে আমেরিকা। রাশিয়া নিজেকে বাঁচাতে আমেরিকা, ব্রিটেনের সঙ্গে হাত মেলাতে বাধ্য হল। একই অবস্থা তখন ব্রিটেনের। তবে আমেরিকা পাশে এসে দাঁড়াতে ব্রিটেন নিজেকে বেশ খানিকটা সামাল দিতে সক্ষম হয়েছিল। আবার ঘুরে দাঁড়াতে চেষ্টা করে ব্রিটেন। উত্তপ্ত এশিয়ার হাত থেকে ব্রিটেনকে রক্ষা করাই ছিল সেই সময়ে কঠিন পদক্ষেপ। সিদ্ধান্ত গ্রহণ করা হল উপনিবেশগুলিকে স্বাধীন করে দেওয়া হবে। তবে সেই সময়ে ভারতকে স্বাধীন করে দেওয়ার কথা উল্লেখ ছিল না। পরে ভারতের নাম সংযোজন করা হয়েছিল। অখণ্ড ভারত নয়, খণ্ডিত ভারত স্বাধীনতা লাভ করবে। তাহলে আর কোনও সমকক্ষ শক্তিশালী রাষ্ট্রের এশিয়া থেকে উত্থিত ঘটবে না ভবিষ্যতে।

## কংগ্রেস- বাম জোটকে আরও শক্তিশালী করার পথটা তৈরি করে দিলেন বিহারের নীতীশ কুমার

কংগ্রেসের সঙ্গে জোট করার ইচ্ছা ছিল নেত্রী মমতার। কিন্তু রাহুলকে মুখ করে নয় সেটা পরিস্কার বুঝতে পারা গিয়েছিল। এদিকে বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমারকে জোট মঞ্চের সমন্বয় কমিটির আহ্বায়ক করার ব্যাপারে আলগা দিতে শুরু করে দিয়েছিলেন নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। জোট ইণ্ডিয়াতে বেশি সুবিধা করতে না পেরে নীতীশ কুমার এনডিএতে যোগ দিয়ে বিহারের নতুন মন্ত্রীসভা গঠন করলেন। এর ফলে এটা কংগ্রেসের রাজনীতিতে একটি বড় ধাক্কা বলা যেতে পারে। নীতীশ কুমার যে এই রকম ধরনের ভেলকি দেখাবেন সেটা আগে থেকেই আন্দাজ করতে পারা গিয়েছিল। তিনি যখন জোট ইণ্ডিয়া সম্পর্কে উদাসীন হতে শুরু করে দিয়েছিলেন তখনই বুঝতে পারা গিয়েছিল নীতীশ এবারে জোট ইণ্ডিয়াকে একটি বড় ধরনের একটা আঘাত দেওয়ার চেষ্টা করছেন। সেই আঘাতকে সামাল দিতে এখন রাহুলকে আরও বেশি করে ভারত জোড়ো ন্যায় যাত্রার ওপরে আকর্ষন বৃদ্ধি করতে হচ্ছে। ভারতের লোকসভার নির্বাচন রাজনীতিটা ক্রমশ জটিল হতে শুরু করে দিয়েছে। বিজেপি দল যে চুপ করে বসে নেই সেটা পরিস্কার হয়ে গিয়েছে। কংগ্রেসের সাংসদ এবং দলের নেতা অধীর চৌধুরী আগে থেকেই তৃণমূলের সঙ্গে কোনও জোট করার ইচ্ছা প্রকাশ করেন নি। তিনি প্রথম থেকেই তৃণমূল বিরোধী কথা বলতে শুরু করে দিয়েছিলেন। ভোট কুশলী প্রশান্ত কিশোর যেদিন থেকে কংগ্রেসের সঙ্গে তৃণমূলকে এক আসনে বসানোর উদ্যোগ গ্রহণ করেছিলেন সেই দিন থেকেই অধীর চৌধুরী তৃণমূলকে কংগ্রেসের সঙ্গে মেশা ব্যাপারে বা জোট করা ব্যাপারে বিরক্ত প্রকাশ করতে শুরু করেন। এমনকী প্রশান্ত কিশোরকে তৃণমূলের এজেন্ট বলে দেগে দিয়েছিলেন। যার ফলে প্রশান্ত কিশোরের কংগ্রেসের প্রবেশ করার সম্ভব হয়নি। প্রশান্ত কিশোরকে কংগ্রেস দল দরজা থেকে ফেরৎ পাঠিয়ে দিয়েছিল। ফলে তৃণমূল কংগ্রেস যে স্বপ্ন দেখতে শুরু করে দিয়েছিল যে তারা বিজেপি বিরোধী জোট তৈরি করে কংগ্রেসকে বাদ দিয়ে আঞ্চলিক দল নিয়ে বিরোধী জোট তৈরি করে লোকসভার নির্বাচনে লড়াই করবে সেটা আর হল না। কংগ্রেস এখন জোট ইণ্ডিয়ার হাল ধরে একাই চলার সিদ্ধান্ত গ্রহণ করেছে। সঙ্গে রয়েছে বাম দল, সমাজবাদী পার্টি এবং আম আদমি। কংগ্রেসের সঙ্গে রয়েছেন অখিলেশ যাদব, আম আদমি দল এবং সীতারাম ইয়েচুরি। বিহারের আরজেডি দলকে তো কংগ্রেসের সঙ্গে থাকতে হবে। নাহলে তারা বিহারের বর্তমান রাজনীতির সঙ্গে তাল মিলিয়ে চলতে পারবে না। বিহারের রাজনীতিটা গোটা ভারতের লোকসভার রাজনীতির পরিবর্তন ঘটিয়ে দিল বলা যেতে পারে। বিজেপিপ এখন অঙ্ক কষতে শুরু করে দিয়েছে কী করে চারশো আসন লাভ করা যায়। সেই পথ তৈরি করতে শুরু করে দিয়েছে। বিজেপি হাত থেকে এবারে বাদ পড়ছে না দক্ষিণ ভারত। তামিলনাড়ু থেকে শুরু করে কেরলের দিকে বিজেপি দল হাত প্রসারিত করতে শুরু করে দিয়েছে। আর জোট ইণ্ডিয়ার গণ্ডি ক্রমশ ছোট হতে শুরু করেছে।

বাংলার চারপাশে এখন বিজেপি দলের রাজনৈতিক প্রভাব বৃদ্ধি লাভ করেছে। আসাম, ত্রিপুরা, উড়িশা এবং বিহারে বিজেপি খুঁটি বেশ শক্ত। সেখানে অবিজেপি দলগুলির অবস্থা মোটেই ভালো নয়। বিহারের লালু প্রসাদ যাদব এখন বেশ খানকটা অসুবিধায় পড়ে গিয়েছেন। তাঁকে মাথা চাড়া দিয়ে উঠতে গেলে কংগ্রেসের হাত ধরতেই হবে। নাহলে সে একা দাঁড়াতে পারবে না। দিকে বাংলায় সিপিএম দল এই সুযোগের অপেক্ষায় ছিল। সিপিএম দলের নেত্রী মীনাক্ষী মুখোপাধ্যায় বুঝতে পেরে গিয়েছেন বাংলায় কংগ্রেসের সঙ্গে তাদের জোট হচ্ছে। আর সেই জোট করতে আগ্রহ প্রকাশ করতে শুরু করে দিয়েছেন প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরী। তিনি একাই সিপিএম দলের রাজনৈতিক জোটের ওপরে বেশি করে জোর দিয়েছেন যা কংগ্রেসের সভাপতি মল্লিকার্জ্জুন খড়্গে পর্যন্ত অবাক হয়ে যান। প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরীর কথাকে একেবারে মুছে ফেলতে পারছেন না। এদিকে নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কংগ্রেসকে দুটি থেকে তিনটি আসন দেওয়ার কথা বলাতে গোঁসা হয়েছে কংগ্রেসের। তারা বলতে শুরু করে দিয়েছে যে তৃণমূলের সঙ্গে সম্মানজনক সমঝোতা করতে হবে। দয়াদাক্ষিণ্য সমঝোতা কংগ্রেস করতে চায় না তৃণমূলের সঙ্গে। সম্মানের সঙ্গে সমঝোতা করার খুবই প্রয়োজন। সম্মানজক সমঝোতা না হলে তৃণমূল কংগ্রেসের সঙ্গে কোন জোট করা হবে না। তার চেয়ে বরং তারা সিপিএম দলের সঙ্গে জোট করে বাংলায় লোকসভার নির্বাচনে লড়াই করবে। এআইসিসি এখন অধীর চৌধুরীর কথাকে ফেলতে পারছে না। সাংসদ অধীর চৌধুরীর ওপরে ভরসা রাখতে শুরু করেছেন নেত্রী সনিয়া গান্ধি। তিনি বলেছেন কংগ্রেসে দলের সাচ্চা নেতা হচ্ছেন অধীর চৌধুরী। তিনি দীর্ঘকাল ধরে কংগ্রেসের পতাকা তলে নির্বাচনী লড়াই করে দলকে সামনের দিকে এগিয়ে রাখতে পেরেছেন। আর সবাই কংগ্রেসে দল ভাঙিয়ে সুবিধাবাদী রাজনীতি করে গিয়েছে। সুবিধাবাদী রাজনীতি থেকে দূরে থাকবে কংগ্রেস।

## জর্জিয়ার যমজ দুই বোন আবার এক সাথে বসবাস

২০০২ সালে তাঁদের মা কোমায় চলে গিয়েছিলেন। সেই সময়ে তাঁদের পিতা গোচা গাখারিয়া সদ্যোজাত দুই কন্যাকে বিক্রি করে দিয়েছিলেন। তার ফলে দুই কন্যা ভিন্ন পরিবারের মধ্যে বড় হতে থাকেন। কেউ জানতো না যে তারা দুই বোন। এই দুই বোনের নাম এমি খিটিয়া এবং অ্যানো সারটানিয়া। জর্জিয়ার কয়েক মাইল দর তাঁদর বাড়ি। ‘আইডেনটিক্যাল টুইন’ অর্থাৎ দুই বোনকে একই রকম দেখতে। জানতে পারা গিয়েছে যে এমি ছোটবেলায় একটি শো জর্জিয়া গট ট্যালেন্ট নামে একটি শো দেখতে গিয়েছিল। সেকানে তিনি একটি মেয়েকে নাচতে দেখেন। তখন এমির বয়স মাত্র ১২ বছর। মেয়েটিও তাঁর মতো বয়সী। শোয়ের সেই মেই মেয়েটি এমির বোন অ্যানো কিন্তু তখন তাঁরা জানতেন না যে তারা দুই বোন। মুখের মিল দেখে খুব অবাক হয়ে গিয়েছিলেন এমি। তখনকার মতো গল্পটা এইখানেই থেমে থাকে। অ্যানো বড় হচ্ছিলেন টিবলিসি শহরে। আর এমি থাকতেন জুগডিডিতে। কেউ কারোর কথা জানতো না। একই রকম দেখতে দুই বোন একই নাচের প্রতিযোগিতায় অংশ নিয়ে ছিলেন তা নিয়ে প্রায় সময়ে নিজেরা একাকী ভাবতেন। কিন্তু আড়ালে থাকা সত্যটা তখন ধরা পড়েনি। দুই বোনের জীবনটা দুই জায়গায় কেটেছিল। গল্পের মোড় ঘুরে যায় একটি টিকটক শোয়ের মধ্যে দিয়ে। অ্যানোকে কেউ কিটকট ভিডিও শো শেয়ার করেছিল। তাতে নীল চুলের মেয়েটিতে দেখতে মনে হয়েছিল একেবারে তার বোন। সেই নীল চুল মেয়েটি আর কেউ নন তাঁর বোন এমি। দুই জনই এর উত্তর খুঁজতে থাকে। অতীতের ইতিহাসের পাতা খুঁজতে গিয়ে সত্যের প্রকাশ ঘটে। জর্জিয়াতে হাজার শিশু চুরি এবং বিক্রি হয়ে যায় তার মধ্যে এই ঘটনার শিকার তারা। এখন তারা এক সঙ্গে থাকছে। বাবার কোনও সন্ধান করতে নারাজ। এখন তাঁদের বসয় ২১ বছর। হিন্দি চলচ্চিত্র জগতে এই রকম ছবি হয়েছিল-‘সীতা আউর গীতা’। হলিউডের ছবি ছিল ‘দ্য পেরেন্ট ট্র্যাপ’। চলচ্চিত্রে অবাস্তব গল্প যে বাস্তবে পরিণত হতে পারে তা দেখে সবাই অবাক হয়ে গিয়েছে। শুধু জর্জিয়া কেন সারা বিশ্ব জুড়ে শিশু পাচার এবং বিক্রি চক্র সক্রিয়। জর্জিয়াতে মাকড়সার জালের মতো ছড়িয়ে রয়েছে এই সব অন্ধকার ঘটনা। এখন জর্জিয়াবাসীরা দুই বোনকে স্বাগত জানিয়েছে এবং শান্তিতে বসবাস করার ব্যাপারে আশ্বাস দিয়েছে। বিপদে তারা পাশে এসে দাঁড়াবে বসে ভরসা দিয়েছে।

## হেরিটেজ কথা ঃ মা ভবতারিণী

দক্ষিণেশ্বরের মা ভবতারিনী দেবীর পুজোও করা হয়ে থাকে একেবারে দেবী দুর্গা পুজোর মতো করে। সেখানে মহালয়ার দিন দেবীর বোধন শুরু হয়। তারপর থেকে যথারীতি আচার এবং শাস্ত্রবিধি মেনে দেবীর পুজোর আয়োজন করা হয়ে থাকে। মা দুর্গা পুজার যে বিধান রয়েছে সেই রীতি মেনেই সেখানে পুজোর আয়োজন করা হয়ে থাকে। মায়ের বিসর্জন হয়

না বটে। কিন্তু দেবী দেবীর ঘট বিসর্জন হয়ে থাকে। মা ভবতারিনীর ঘট সেই সময়ে আলাদা করে সরিয়ে নেওয়া হয়। নিত্যপুজোর ঘট সরিয়ে সেখানে মা ভবতারিনীকে দেবী দুর্গা রূপে পুজোর আয়োজন করা হয়ে থাকেন। এই রীতিটা চলে আসছে রানি রাসমণির সময় থেকে। তিনি স্বপ্নাদেশ পেয়েছিলেন যে মা ভবতারিনীকে দেবী দুর্গা রূপে পুজিত করতে হবে। আবার মা ভবতারিনীকে জগদ্ধাত্রী রূপে পুজা করানো হয়। তিনিই আবার কালী।

## চিঠিপত্র ঃ শিল্পী অবনীন্দ্রনাথ ঠাকুর

পিয়ালি ব্রাহ্মণ ঘরের ছেলে হয়েও অবীন্দ্রনাথ ঠাকুর বাংলার হিন্দু মুসলমান সংস্কৃতির সমন্বয়ে যে শিল্পকলা চিত্রায়িত করে গিয়েছেন সেটা কিন্তু বাংলার তথা ভারতের শিল্প সম্পদ। ঔপনিবেশকি শাসনের কালে বিদেশি শিল্পীদের সমকক্ষ শিল্পী হয়ে উঠেন অবীন্দ্রনাথ ঠাকুর। এমনকী তাঁর চিত্রকলা থেকে ভারতীয় সংস্কৃতি ইতিহাসের সন্ধান করতে শুরু করে দেয় বহু বিদেশি শিল্প ইতিহাসবিদেরা। অবীন্দ্রনাথ ঠাকুর বাংলার নিজস্ব যে চিত্রকাল ছিল তাকে দক্ষতার সঙ্গে অঙ্কিত করেছেন আপন কথা, ক্ষীরের পুতুল বা বাংলা ব্রত মতো অবিস্মরণীয় রচনার মধ্যে দিয়ে। সেখানে তিনি শুধু সাহিত্য সৃষ্টি করেননি, চিত্রশিল্পকে সৃষ্টি করেছেন। গ্রামীন চিত্রকলাকে প্রাধান্য দিয়েছেন অবীন্দ্রনাথ ঠাকুর। পাশাপাশি তিনি ইসলামীয় শিল্প কলার চর্চা করে গিয়েছেন। ভারতের ইসলাম যুগের বিশেষ করে মোঘল শিল্পকে তাঁর তুলিতে স্থান দিয়েছেন। একেবারে সেই সব চিত্রকলা নতুন আঙ্গীকে প্রকাশিত হয়েছিল। ধ্রুপদী সঙ্গীতে, নৃত্যে নিবিষ্ট হয়ে থাকতেন অবীন্দ্রনাথ ঠাকুর। কবিগুরু তাঁকে পাগলা বলে উল্লেখ করলেও অবীন্দ্রনাথ ঠাকুর কোনও সময়ে রাগ করেননি। উপরন্তু তিনি খুশি হতেন। বাড়ির কাকা জেঠ্যাদের আদর পান সারা জীবন **ইতি। বুলন বন্দ্যোপাধ্যায়, শান্তিনিকেতন, বোলপুর।**

# বিশ্বভারতীর কোন কোন পদ্ধতিগত ত্রুটি ধরা পড়লো আজকের রায়ে

দুরন্ত বার্তা, বোলপুর, ৩১ জানুয়ারি ঃ বিশ্বভারতীর কোন কোন পদ্ধতিগত ত্রুটি ধরা পড়লো আজকের রায়ে ঃআজকের যুগান্তকারী রায়ে নোবেলজয়ী অমর্ত্য সেনকে অহেতুক হয়রানি করা হয়েছিল তার প্রমাণ স্পষ্ট হলো। শুধু তাই নয় ছাবিবশ পাতার রায়ে সিউড়ি জেলা আদালতের বিচারক সুদেষ্ণা দে তা উল্লেখ করেছেন। ১) প্রথমত ১৯৩৪ সালের ২৭ শে অক্টোবর স্বর্গীয় পিতা আশুতোষ সেন নিরানব্বই বছরের লীজে জায়গা পান। সেই জায়গা দেওয়ার সময় তাকে ষোলো আনা জায়গা দেওয়া হয়েছিল। কোনও বিশ্বভারতী বা আশুতোষ সেনের যৌথ সার্ভে করে ১.২৫ ডেসিমেল জায়গা দেওয়ার উল্লেখ নেই। ২) এক্ষেত্রে ১৯৭১ সালের উচ্ছেদ আইন প্রযোজ্য নয়, কারণ জমি দেওয়া হয়েছে ১৯৪৩ সালে। ৩) জমির টাইটেল অপরিবর্তিত আছে। অর্থাৎ মূল মালিক বিশ্বভারতী। নির্দিষ্ট সময়ের পরে জমির মালিক বিশ্বভারতী। তাই অমর্ত্য সেন জমি হস্তান্তর করতে পারবেন না। ৪) বিশ্বভারতীর তরফে নোটিশ দিয়েছে। পাশাপাশি অমর্ত্য সেন বিদেশে থাকায় সময় চেয়েছিলেন পাঁচ মাস। কিন্তু বিশ্বভারতী তড়িঘড়ি করতে চায়। আশি বছর বিশ্বভারতী ঘুমিয়ে থাকলেও, পাঁচমাস সময় দিতে চায় নি। উদ্দেশ্য স্বেচ্ছাচারিতা মূলক। আদালত প্রশ্ন তুলেছে, বিশ্বভারতী এতদিন ঘুমিয়ে ছিল কেন? তারা বলেছে ২০০৬ সময় সালে অমর্ত্য সেন মিউটেশনের জন্য আবেদন করলে, বিষয়টি তাদের নজরে আসে। এই যুক্তি আদালত গ্রহণ করে নি। ৫) বিশ্বভারতী কোনদিন যৌথভাবে সার্ভে করে ম্যাপ তৈরী করে কোন জায়গা ১৩ ডেসিমেল তা নির্ণয় বা চিহ্নিত করে দেখায় নি। ২০০৬ সালে অমর্ত্য সেনের অনুপস্থিতিতে একটি হাত ম্যাপ তৈরি করে বিশ্বভারতী। তার ভিত্তিতে নোটিশ করে বিশ্বভারতী। এই হাতে তৈরী এক পক্ষের ম্যাপ আদালত যুক্তিযুক্ত মনে করে নি। পাশাপাশি, আদালত বলেছে, ২০২৩ সালে অমর্ত্য সেনের অনুপস্থিতিতে বিশ্বভারতীর ইঞ্জিনিয়াররা একটি সার্ভে করে একইভাবে একটি ম্যাপ তৈরী করে আদালতে জমা দিয়েছে। সেটা আদালতের কাছে গ্রহণযোগ্য মনে হয় নি। ২০১৪ সালের ব্যাঙ্ক বন্ধ বনাম পঞ্জাব এবং সিন্দ ব্যাঙ্কের একটি মামলার উল্লেখ করে আদালত বলতে চেয়েছে, যেহেতু বিশ্বভারতী প্রতিষ্ঠার পর ১৯৫১ সাল থেকে তার নিজস্ব আইন প্রবর্তিত হয়। আর তাই অমর্ত্য সেনের পিতাকে জমি লীজ দেওয়া হয় তেতাল্লিশ সালে। তা কারণে ১৯৭১ সালের উচ্ছেদ আইন এক্ষেত্রে প্রযোজ্য নয়। তাছাড়া অমর্ত্য সেন কোনভাবেই কোন শান্তি বিঘ্ন করেন নি। আদালত আজকের রায়ে ভোগদখলকারী অমর্ত্য সেনের সমস্ত প্রতীচী সম্পত্তিকে বৈধ আনা হিসেবে ঘোষণা করেছেন। ভূমি ও ভূমি সংস্কারের সমস্ত নথিতে সেটাই আছে।

**Chandernagore Municipal Corporation**

E-Tender No. WBMAD/CMC/COMMISSIONER/PWD/NIT-83(e)/23-24, Dt-31.01.2024

Memo No-3133/PWD/TENDER/23-24/63, Dt - 31.01.2024

Various Developments of Municipal Areas

For details, please visit the website- www.chandernagoremunicipalcorporation.in

Engineer
Chandernagore Municipal Corporation

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণকে জানানো যাইতেছে দক্ষিণ দিনাজপুর জেলার বালুরঘাট থানার অন্তর্গত শ্রী বাসুদেব কানছুকাশনস পক্ষে অধীশাবের ১। শ্রী পবন কুমার গোয়েঙ্কা, পিতা মৃত শ্রী রাম কুমার গোয়েঙ্কা ২। শ্রী সত্য প্রকাশ গোয়েঙ্কা, পিতা মৃত মাঙ্গী লাল গোয়েঙ্কা ৩। শ্রী বিজয় কুমার আগরওয়ালা, পিতা মৃত দুর্গা দত্ত আগরওয়ালা ৪। শ্রী প্রবীন আগরওয়ালা, পিতা মৃত রাম কুমার আগরওয়ালা ৫। শ্রীমতি পুনম গোয়েঙ্কা (আগরওয়ালা), স্বামী শ্রী প্রবীন আগরওয়ালা ৬। শ্রী কমলেশ আগরওয়ালা, পিতা মৃত মতিলাল আগরওয়ালা ৭। শ্রীমতি সীমা দেবী আগরওয়ালা, স্বামী শ্রী বিজয় কুমার আগরওয়ালা ৮। শ্রীমতি সীতা দেবী আগরওয়ালা, স্বামী শ্রী কমলেশ আগরওয়ালা, জাতিতে হিন্দু, সকল পেশা- ব্যবসা, পোঃ ও থানা- বালুরঘাট, জেলা- দক্ষিণ দিনাজপুর। আমার মক্কেলগণ নিম্ন তপশীল সম্পত্তির মালিক ১। শ্রী দিলীপ কুমার আগরওয়ালা, ২। শ্রী প্রমোদ লাল আগরওয়ালা, উভয়ের পিতা স্বর্গীয় কিষাণ লাল আগরওয়ালা, সাকিন ও পোঃ ও থানা বালুরঘাট, জেলা দক্ষিণ দিনাজপুর এর নিকট হইতে খরিদ করিতে ইচ্ছুক হইয়া বিক্রেতাগণের নিকট হইতে উপযুক্ত প্রমাণ এবং নাম্য মূল্যে দ্বারা নিম্ন তপশীল সম্পত্তি খরিদ করিবেন। নিম্ন তপশীল সম্পত্তি খরিদের বিষয়ে কাহারো কোনপ্রকার আপত্তি থাকিলে বা কেহ উক্ত সম্পত্তি খরিদ করিতে ইচ্ছুক থাকিলে অত্র বিজ্ঞপ্তি প্রকাশের ৭ (সাত) দিনের মধ্যে নিম্ন সাক্ষরকারীর নিকট যোগাযোগ করিবেন। অন্যথায় ভবিষ্যতে উক্ত সম্পত্তির খরিদের বিষয়ে কোনরূপ আপত্তি আসলে তাহা গ্রাহ্য হইবে না এবং কোনরূপ আপত্তি গ্রহণ যোগ্য হইবে না।

তপশীল

জেলাঃ দক্ষিণ দিনাজপুর, থানাঃ বালুরঘাট, মৌজা বালুরঘাট, জে. এল. নং ১০৯, খতিয়ান নং ১৩৭৭, ১৭৯২, দাগ নং ২১২০ পরিমান ০৯ শতক, শ্রেণী বাস্তু / দোকান।

শ্রী সমিত ভৌমিক, এডভোকেট
জেলা জজ আদালত, দক্ষিণ দিনাজপুর
পোঃ ও থানা ঃ বালুরঘাট, জেলাঃ দক্ষিণ দিনাজপুর
পিন কোড ৭৩৩১০১, ফোন নং. ৯৮০০৬০০৯৫৪

# মাধ্যমিক পরীক্ষার্থীদের বিশেষ পরিষেবা দিতে চলেছে শিলিগুড়ি বৃহত্তর ই-রিকশা ইউনিয়ন

